পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
পাহাড় আর সবুজের মাঝে এক অপরূপ ডেস্টিনেশন

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 30, Issue No.: 80 Wednesday, 19 February, 2025 ❋ ৩০ বর্ষ, ৮০ সংখ্যা ❋ ৬ ফাল্গুন ১৪৩১, বুধবার, ১৯ ফেব্রুয়ারি ২০২৫ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য- ৩ টাকা

‘জঙ্গি-যোগ প্রমাণ করতে পারলে মুখ্যমন্ত্রিত্ব ছেড়ে দেব’

দুরন্ত বার্তা, কলকাতা, ১৮ ফেব্রুয়ারিঃ বাংলায় জঙ্গিদের বাড়বাড়ন্তর জন্য কথায় কথায় মুখ্যমন্ত্রীকে নিশানা করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। মঙ্গলবার বিধানসভা থেকে এ ব্যাপারে শুধু কড়া প্রতিক্রিয়া জানানোয় নয়, শুভেন্দুর বিরুদ্ধে প্রধানমন্ত্রীকে চিঠি লিখবেন বলেও হুঁশিয়ারি দিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রী বলেন, ‘‘আমাকে শুনতে হবে যে জম্মু কাশ্মীরের জঙ্গিদের সঙ্গে আমার সম্পর্ক? বাংলাদেশের জঙ্গিদের সঙ্গে থাকি? আমি প্রধানমন্ত্রীকে চিঠি লিখে জানাব, যে যদি টেরোরিস্টদের সঙ্গে আমার কোনও সম্পর্ক প্রমাণ করতে পারেন তাহলে আমি মুখ্যমন্ত্রীর চেয়ার ছেড়ে চলে যাব।’’ একই সঙ্গে মুখ্যমন্ত্রী স্পষ্ট করে জানিয়ে দেন, ‘‘বাংলায় মাফিয়াদের কোনও জায়গা নেই। সন্ত্রাসকারী, দাঙ্গাকারীদের আমরা জায়গা দিই না।’’ ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী এও বলেন, ‘‘না থাকলেও টেরোরিস্টদের সঙ্গে সম্পর্ক আছে বলছেন। এর থেকে মৃত্যু হওয়া ভাল!’’ এরপরই ধর্মের নামে রাজনীতি করার অভিযোগে বিজেপিকে আক্রমণ করে বিরোধী দলনেতার উদ্দেশে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, ‘‘গতকাল বিধানসভার বাইরে কী বলেছেন? আমি ভিডিও দেখেছি। উনি বলেছেন হিন্দু ধর্মের কথা বলতে গিয়ে নাকি ওনাকে বহিষ্কার করা হয়েছে? কবে থেকে উনি হিন্দু ধর্মের নেতা হয়ে গেলেন?’’ খানিক থেমে জবাবও দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বলেন, ‘‘আপনি কথায় কথায় ধর্মের নামে রাজনীতি করেন। ধর্ম নিয়েই তো করে খাচ্ছেন। মনে রাখবেন, এটা বাংলা বলেই সম্ভব। কারণ, আমরা সকলকে বলার সুযোগ দিই। তা বলে ধর্মের নামে বিভাজন বরদাস্ত করব না।’’ বিজেপি বিধায়করা বিধানসভায় না থাকায় এদিন বাজেট অধিবেশনে এসে তা নিয়ে বিজেপিকে খোঁচা দিলেন মুখ্যমন্ত্র। বললেন, ‘‘সংসদে তো আমরা বিরোধী। কিন্তু, সেখানে বৈঠক ডাকলে আমাদের সাংসদরা যান।’’ ২০০৬ সালের নভেম্বরে বিধানসভায় ভাঙচুরের সময় তিনি একটা চেয়ার-টেবিলে হাত দেননি বলেও এদিন মন্তব্য করেন। গতকাল বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অধিবেশন কক্ষে কাগজ ছিঁড়েছিলেন। তা নিয়ে শাসকদল প্রশ্ন তুললে বিজেপি জবাব দিয়েছিল, সংসদে তো কাগজ ছুড়েছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন তারও জবাব দেন মুখ্যমন্ত্রী। অধিবেশনে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ‘‘আমি তখন কাগজ ছিঁড়েছিলাম কেন? আমি তখন একা ছিলাম সংসদে। আমাকে কোনও কিছু বলতে দেওয়া হত না। বিজেপি, সিপিএম, কংগ্রেস একসঙ্গে আমাকে বলতে দেয়নি। সাতদিন ধরে নোটিস দেওয়ার পরও একটা কথা বলতে দেয়নি। ২০০৪ সালের লোকসভা ভোটে বাংলায় ৩৯ শতাংশ ভোট

পাওয়ার পরও যখন একা হয়ে গিয়েছিলাম, আমায় একটা ভাষণ দিতে দেওয়া হত না। সংসদে প্রশ্ন করতে দেওয়া হত না। এরা তো রোজ বলে। আমি নিজে এদের প্রশ্নের উত্তর দিয়েছি।’’ ২০০৬ সালের ৩০ নভেম্বর বিধানসভায় একসময় মমতা বন্দ্যোপাধ্যায় চেয়ার-টেবিল ভেঙেছিলেন বলে বিরোধীরা অভিযোগ করেছে। এই নিয়ে এদিন বিধানসভায় মমতা বলেন, ‘‘বলা হচ্ছে, আমি নাকি চেয়ার-টেবিল ছুড়েছি। আমি স্পিকারকে বলব, আমাকে প্রমাণ দিতে হবে। আমাকে সিঙ্গুরে ঢুকতে দেওয়া হয়নি। সিঙ্গুর থেকে ফিরে তদান্তীন বিরোধী দলনেতা পার্থ চট্টোপাধ্যায়ের সঙ্গে দেখা করতে এসেছিলাম বিরোধী দলনেতার ঘরে। আমাকে পুলিশ ডেকে আটকাল। আমি বললাম, বিরোধী দলনেতাকে খবর দিন। তা সত্ত্বেও আমাকে মারা হল। তখন আমাদের বিরোধী দল আমাকে নিয়ে এল ভিতরে। আমি তাদের সব ঘটনা বললাম। কীভাবে সিঙ্গুরে আমাকে ঢুকতে দেওয়া হল না। আমার উপর অত্যাচার করা হল। প্রত্যেক টিভি চ্যানেলের কাছে ছবি আছে। দেখে নেবেন, আমাকে আটকেছিল কি না। আমি একটা টেবিলে যদি হাত দিয়ে থাকি, একটা চেয়ারে যদি হাত দিয়ে থাকি। আমি কোনও জিনিসে হাত দিইনি। সেদিন বিস্ফোরক হয়েছিল আমাদের দল। কারণ আমাকে ঢুকতে দেওয়া হচ্ছিল না। আমি তৃণমূল কংগ্রেসের চেয়ারম্যান। সেদিনও সাংসদ ছিলাম। আমি আসতে পারি। আমি অফিসিয়ালি আসতে চেয়েছিলাম। আমার অধিকারকে খর্ব করে দেওয়া হয়েছিল। সেদিন আমাদের সব বিধায়কদের বেতন বন্ধ করে দেওয়া হয়েছিল।’’ এদিন মহাকুম্ভ নিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ‘‘মহাকুম্ভ এখন মৃত্যুকুম্ভ হয়ে গেছে, প্ল্যানিং না করার জন্য এত মৃত্যু হয়েছে।’’ তিনি বলেন, ‘‘বলছে নাকি ৩০ জন মারা গিয়েছে? কত? হাজার হাজার। পবিত্র জল এখন বিষাক্ত হয়ে গিয়েছে। মৃতদেহ নিয়ে যারা হাইপ তুলছেন আর কোটি কোটি টাকা কামাচ্ছেন তাদের আমি ঘৃণা করি।’’ এখানেই না থেমে তিনি আরও বলেন, ‘‘এইসব সিরিয়াস বিষয় নিয়ে এত হাইপ তুলতে নেই। প্রপার প্ল্যানিং করতে হয়। মহাকুম্ভে এত লোক মারা গেল। কটা কমিশন করেছেন? এমনকি আমার রাজ্যে যে ডেডবডি এসেছে তাতে একটা ডেথ সার্টিফিকেট পর্যন্ত দেন নি। এরপর তো বলবেন যে হার্ট অ্যাটাকে মারা গিয়েছে যাতে ক্ষতিপূরণ দিতে না হয়।’’ এর পরে তিনি গঙ্গাসাগর মেলার প্রসঙ্গ তুলে বলেন, ‘‘আমরা গঙ্গাসাগর মেলার সময় কোনও ভিভিআইপিকে অ্যালাও করি না।’’ এরপরই ধর্মের নামে রাজনীতি করার অভিযোগে বিজেপিকে আক্রমণ করে বিরোধী দলনেতার উদ্দেশে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, ‘‘গতকাল বিধানসভার বাইরে কী বলেছেন? আমি ভিডিও দেখেছি। উনি বলেছেন হিন্দু ধর্মের কথা বলতে গিয়ে নাকি ওঁকে বহিষ্কার করা হয়েছে? কবে থেকে উনি হিন্দু ধর্মের নেতা হয়ে গেলেন?’’ খানিক থেমে জবাবও দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বলেন, ‘‘আপনি কথায় কথায় ধর্মের নামে রাজনীতি করেন। ধর্ম নিয়েই তো করে খাচ্ছেন। মনে রাখবেন, এটা বাংলা বলেই সম্ভব। কারণ, আমরা সকলকে বলার সুযোগ দিই। তা বলে ধর্মের নামে বিভাজন বরদাস্ত করব না।’’

১১ মার্চের মধ্যে আরজি করের আর্থিক দুর্নীতি মামলার চার্জ গঠন, সময়সীমা বেঁধে দিল হাইকোর্ট

দুরন্ত বার্তা, কলকাতা, ১৮ ফেব্রুয়ারিঃ আগামী ১১ মার্চের মধ্যে আরজি করের আর্থিক দুর্নীতি মামলার চার্জ গঠন করার দিন ঘোষণা করবে সিবিআইয়ের বিশেষ আদালত। মঙ্গলবার কলকাতা হাইকোর্টে এমনই আশাপ্রকাশ করে সময়সীমা বেঁধে দিল বিচারপতি জয়মাল্য বাগচীর ডিভিশন বেঞ্চ। তাঁর নির্দেশ, আগামী ৩ মার্চের মধ্যে প্রয়োজনীয় নথি নিরীক্ষণের কাজ সম্পূর্ণ করতে হবে অভিযুক্তদের। বিচারপতির বাগচীর প্রাথমিক পর্যবেক্ষণ, কীভাবে বিচারপ্রক্রিয়া সংগঠিত হবে, সে বিষয়ে প্রয়োজন হলে বিশেষ আদালতের বিচারক এবং সমস্ত পক্ষের আইনজীবীদের নিয়ে বৈঠক করবে আদালত। তার ফলে নির্দিষ্ট সময় ধরে দ্রুত বিচারপ্রক্রিয়া সংগঠিত করা সম্ভব হবে। ইতিমধ্যে মামলা সংক্রান্ত নথি অভিযুক্তদের দেওয়া হয়েছে বলে জানিয়েছে সিবিআই। প্রসঙ্গত, আরজি করের প্রাক্তন অধ্যক্ষের বিরুদ্ধে প্রথমে আর্থিক দুর্নীতির অভিযোগ আনেন আরজি করেরই নন মেডিক্যাল প্রাক্তন ডেপুটি সুপার আখতার আলি। তিলোত্তমা ধর্ষণ খুন কাণ্ডের পর সেই অভিযোগ আরও মাথাচাড়া দিয়ে ওঠে। প্রকাশ্যে আসে একের পর এক ভয়ঙ্কর দুর্নীতির অভিযোগ। চিকিৎসার সরঞ্জাম থেকে শুরু করে টেন্ডার দুর্নীতি, এমনকি মর্গে ডেড বডি নিয়েও দুর্নীতি, বর্জ্য পাচারেরও অভিযোগ ওঠে। এই মামলায় গ্রেফতার হন সন্দীপ ঘোষ। সঙ্গে গ্রেফতার হন সুমন হাজরা, আফসার আলি, বিপ্লব সিংহরাও।

‘সংবিধান মানেন না, গোটা রাজ্যে একনায়কতন্ত্র চান’

মমতাকে তুলোধনা শুভেন্দুর

দুরন্ত বার্তা, কলকাতা, ১৮ ফেব্রুয়ারিঃ সাম্প্রদায়িক মন্তব্য করার অভিযোগে সোমবার বিধানসভা থেকে সাসপেন্ড হয়েছেন শুভেন্দু অধিকারী সহ ৪ জন বিজেপি বিধায়ক। তারপরই রাজ্যের বিরোধী দলনেতা জানিয়েছিলেন, মঙ্গলবার অধিবেশন বয়কট করে বিধানসভার বাইরে ধর্না করবেন তাঁরা। সেই বিক্ষোভ-অবস্থান থেকেই মমতা বন্দ্যোপাধ্যায়কে অতীত মনে করালেন শুভেন্দু অধিকারী। তাঁর অভিযোগ, বিধানসভাকে নিজের সম্পত্তি হিসেবে ব্যবহার করেন মুখ্যমন্ত্রী। সাসপেনশন নিয়ে শুভেন্দুর বক্তব্য ছিল, তাঁকে চারবার সাসপেন্ড করা হয়েছে, এখনও পর্যন্ত পাঁচটা প্রিভিলেজ আনা হয়েছে। এটা হচ্ছে তৃণমূলের এক ধরনের নিত্যকর্ম। আসলে ওরা ভয় পেয়েছে এবং

ইচ্ছে করে তাঁকে বিধানসভা থেকে সাসপেন্ড করেছে। গণতন্ত্রের ইস্যু তুলে মমতা বন্দ্যোপাধ্যায়কে অতীত মনে করিয়েছেন শুভেন্দু। কীভাবে মমতা নিজে গণতন্ত্রকে ‘শেষ’ করেছেন, তার ব্যাখ্যা দিয়েছেন বিরোধী দলনেতা। শুভেন্দু বলেন, ‘‘এই বিধানসভাকে একসময়ে কলুষিত করেছেন মুখ্যমন্ত্রী। ইনিই ২০০৬ সালের নভেম্বর মাসে বিধানসভার সদস্য না হয়েও এখানে ঢুকে সব আসবাব ভেঙেছিলেন। এই মুখ্যমন্ত্রী ২০০৫ সালে আগস্ট মাসে লোকসভায় ডেপুটি স্পিকারকে কাগজ আর চাদর ছুড়ে মেরেছিলেন। আর আজ এই মুখ্যমন্ত্রীই বিধানসভা থেকে লাইভ করছেন। এদিকে বিধানসভায় বিরোধী দলের নেতাই নেই।’’ শুভেন্দুর খোঁচা, ‘‘সরকার যেমন চালান, দল যেমন চালান, পরিবারের সম্পত্তি হিসেবে এই বিধানসভাকেও নিজের সম্পত্তি হিসেবে ব্যবহার করেন।’’ গোটা রাজ্যে একনায়কতন্ত্র চালাতে চান মমতা, এই দাবি করেছেন শুভেন্দু অধিকারী। তাঁর কটাক্ষ, পাঠাগার কমিটি থেকে শুরু করে পুজো কমিটি, শ্মশান কমিটি সব মমতা বন্দ্যোপাধ্যায়ের চাই। বিরোধী দলনেতা বলেন, ‘‘২০১১ সালের পর থেকে রাজ্যকে এমনিতেই শেষ করে দিয়েছেন মমতা। এখন শুধু নিজের রাজত্ব কায়েম করার ইচ্ছে রয়েছে মমতার।’’ শুভেন্দুর এও অভিযোগ, তৃণমূলের সরকারের মদতেই বাংলায় জঙ্গিদের বাড়বাড়ন্ত। যদিও এই মন্তব্যের পাল্টা দিয়েছেন খোদ মুখ্যমন্ত্রীও।

মহাকুম্ভের ৩৭-তম দিন, এযাবৎ ৫৪ কোটির বেশি ভক্তের পুণ্যস্নান সম্পন্ন

প্রয়াগরাজ, ১৮ ফেব্রুয়ারিঃ উত্তর প্রদেশের প্রয়াগরাজে মঙ্গলবার ৩৭-তম দিনে পড়ল মহাকুম্ভ মেলা ২০২৫। গঙ্গা, যমুনা ও সরস্বতীর মিলনস্থল, ত্রিবেণী সঙ্গমে মঙ্গলবারও পুণ্যস্নান করেছেন বিপুল সংখ্যক পুণ্যার্থীরা। এখনও পর্যন্ত মহাকুম্ভের সঙ্গমে পুণ্যস্নান করেছেন ৫৪ কোটিরও বেশি ভক্ত।উল্লেখ্য, গত ১৩ জানুয়ারি থেকে শুরু হওয়া কুম্ভমেলা চলবে আগামী ২৬ ফেব্রুয়ারি পর্যন্ত, টানা ৪৫ দিন ধরে। মহাকুম্ভে এই নিয়ে ৩টি অমৃতস্নান সম্পন্ন হয়েছে। পরবর্তী পুণ্যস্নান হবে আগামী ২৬ ফেব্রুয়ারি (মহা শিবরাত্রি)। দেশ ও বিদেশ থেকে এখনও বিপুল সংখ্যক মানুষ প্রয়াগরাজে আসছেন, সঙ্গমে আস্থার ডুব দেওয়ার জন্য। নিরাপত্তা ব্যবস্থা যথেষ্ট আঁটোসাঁটো রয়েছে।

ভাঙড়ে ব্রিজে ড্রিল করার অভিযোগ স্থানীয় এক ব্যবসায়ীর বিরুদ্ধে, চাঞ্চল্য

ভাঙড়, ১৮ ফেব্রুয়ারি ঃ দু ঃসাহসিক ঘটনা ভাঙড় দু নম্বর ব্লকের শোনপুরে। সেখানেই বাগজোলা খালের উপর অবস্থিত সোনপুর ব্রিজ ১৩ সেপ্টেম্বর ২০১০ সালে ভূমি রাজস্ব দফতরের তৎকালীন মন্ত্রী রেজ্জাক মোল্লা ও আরাবুল ইসলামের হাত ধরেই গড়ে উঠেছিল এই ব্রিজ। খাল থেকে অনেক উঁচু ব্রিজের নিচে দীর্ঘদিন ধরেই দোকান, পসার চালান স্থানীয়রা। অভিযোগ, স্থানীয় এক ব্যবসায়ী নতুন দোকান করার জন্য ব্রিজের গার্ড রেল ভেঙেছেন রাতের অন্ধকারে। শুধু তাই নয় লোহার শাটার বসানোর জন্য ব্রিজের পিলারে একাধিক ড্রিল করেছেন। রাতের অন্ধকারে এই কাজ হচ্ছিল সোমবার। স্থানীয়রা বলছেন, বিষয়টি শুধু দু ঃসাহসিক নয় সেই সঙ্গে ভয়াবহও। কারণ এমন ঘটনার জেরে ব্রিজ তার সাধারণ ধারণ ক্ষমতা হারাবে এবং যে কোনও সময়.বড় দুর্ঘটনা ঘটতে পারে।স্থানীয়রা এই বিষয়টি জানতে পেরে উত্তর কাশিপুর থানার পুলিশকে জানালে কাজটি বন্ধ করে পুলিশ। স্থানীয় প্রশাসন এবং শাসকদলের অজ্ঞাতসারে কীভাবে এমন কাজ চলছিল? তা নিয়ে প্রশ্ন তুলেছেন বিরোধীরা। এভাবে ব্রিজের গার্ড ওয়াল ভেঙ্গে পিলার ফুটো করে শাটার বসানো দেখে অবাক পূর্ত দফতরের ইঞ্জিনিয়াররা। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে বলে জানিয়েছেন জেলা প্রশাসনের কর্তারা। ঘটনায় একজনকে আটক করেছে পুলিশ জানা যায়।

রিক্সা চালিয়ে বিধানসভা যাত্রা মনোরঞ্জন ব্যাপারির

কলকাতা, ১৮ ফেব্রুয়ারি ঃ বলাগড়ের তৃণমূল বিধায়ক তথা দলিত সাহিত্য অ্যাকাডেমির প্রতিষ্ঠাতা মনোরঞ্জন ব্যাপারি রিক্সা চালিয়ে বিধানসভা গেলেন। মঙ্গলবার সকালে ৯টা নাগাদ কিড স্ট্রিটের এমএলএ হস্টেল থেকে প্যাডেলে পা রেখে শুরু হল তাঁর যাত্রা। খেটে খাওয়া মানুষের প্রতিনিধি হিসেবে নিজেকে উল্লেখ করে এই সিদ্ধান্ত বলে জানান তিনি। চার বছর পর বিধানসভায় রিকশা চালিয়ে যাওয়ার অনুমতি মিলেছে। তাই মঙ্গলবার তিনি নিজে প্যাডেল করে পৌঁছন বিধানসভায়। এ শহরের রাস্তায় চারচাকার দাপটের মাঝে আজ দেখা গেল অন্যরকম ছবি। রাজপথে রিকশা চালাচ্ছেন এক বিধায়ক। আসলে এটাই তাঁর প্রকৃত সত্ত্বা। এমনিতেই বিধায়ক হয়েও মনোরঞ্জন ব্যাপারির সাদামাটা জীবনযাপন অনেকের কাছেই চর্চার বিষয়।নানাসময়ে তাঁর নানা মন্তব্য বিতর্কের জন্ম দিয়েছে। সরাসরি দলের সমালোচনা না করলেও নিজের কাজকর্মের কথা বারবার প্রকাশ করে বুঝিয়ে দিয়েছেন, জনপ্রতিনিধি হিসেবে তিনি অন্যদের চেয়ে কিছুটা আলাদা।

নতুন সিইসি হলেন জ্ঞানেশ কুমার, কমিশনার নিযুক্ত বিবেক জোশী

নয়াদিল্লি, ১৮ ফেব্রুয়ারি ঃনতুন মুখ্য নির্বাচন কমিশনার (সিইসি) হচ্ছেন হলেন জ্ঞানের কুমার। জ্ঞানেশ কুমার হলেন কেরল ক্যাডারের ১৯৮৮ ব্যাচের একজন প্রাক্তন আইএএস অফিসার। তিনি সংসদ বিষয়ক মন্ত্রকের সচিব হিসেবে দায়িত্বভার পালন করেছেন। মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমারের সঙ্গে যে দু'জন নির্বাচন কমিশনার দায়িত্বে ছিলেন, তাঁদের অন্যতম জ্ঞানেশ। জম্মু ও কাশ্মীরের বিশেষ মর্যাদা প্রত্যাহারের পিছনে অন্যতম ভূমিকা ছিল তাঁর।জ্ঞানেশের ছেড়ে যাওয়া পদে নিযুক্ত হয়েছেন বিবেক জোশী।



ডঃ বিবেক জোশীকে নতুন নির্বাচন কমিশনার হিসেবে নিয়োগ করা হয়েছে। তিনি হরিয়ানা ক্যাডারের ১৯৮৯ ব্যাচের একজন আইএএস অফিসার। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু উভয় কমিশনারকে নিয়োগ করেছেন। উল্লেখ্য, মুখ্য নির্বাচন কমিশনার পদ থেকে রাজীব কুমারের অবসরের আগে তাঁর উত্তরসূরি বাছতে সোমবার বৈঠকে বসেন নির্বাচন কমিটির তিন সদস্য, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ও লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী। রাতে কেন্দ্রের তরফে এক বিবৃতিতে জানানো হয়, মুখ্য নির্বাচন কমিশনার পদে নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে নিয়োগ করা হয়েছে।

সিরিয়ার ঘটনাবলীর যৌথ কমান্ড রুম আমেরিকা ও ইহুদিবাদী ইসরাইলেঃসর্বোচ্চ নেতা

ইরান,১৮ ফেব্রুয়ারিঃইরানের সর্বোচ্চ নেতা বলেছেনঃসিরিয়ার সাম্প্রতিক ঘটনাবলীর মূল ষড়যন্ত্রকারী এবং চক্রান্তকারী, মূল হোতা হলো আমেরিকা ও ইহুদিবাদী ইসরাইল। চক্রান্তের প্রধান কমান্ড রুম আমেরিকা ও ইহুদিবাদী ইসরাইলে রয়েছে।এইসব ঘটনা নিয়ন্ত্রণের চাবিকাঠি যে তাদের হাতে সে সম্পর্কে আমাদের কাছে প্রমাণ রয়েছে। এসব প্রমাণ নিয়ে সন্দেহের কোনো অবকাশ নেই।তাসনিম নিউজ এজেন্সি জানিয়েছে, (গত১১ ডিসেম্বর বুধবার) ইমাম খোমেনি হোসাইনিয়ায় ইসলামি ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহিল উজমা খামেনেয়ীর সঙ্গে দেশের বিভিন্ন স্তরের হাজার হাজার মানুষ সাক্ষা করেছেন।এতে কোনো সন্দেহ নেই যে সিরিয়ায় যা ঘটেছে তা আমেরিকা ও ইসরাইলের যৌথ পরিকল্পনার ফসল। হ্যাঁ, সিরিযার একটি প্রতিবেশী সরকার এ ক্ষেত্রে একটি সুস্পষ্ট ভূমিকা পালন করেছে এবং করে যাচ্ছে-সবাই তা দেখছে। কিন্তু নিঃসন্দেহে মূল ষড়যন্ত্রকারী এবং চক্রান্তকারী আমেরিকা ও ইহুদিবাদী ইসরাইল। তিনি সিরিয়ার সাম্প্রতিক ঘটনাবলীর সাথে ইহুদিবাদী ও আমেরিকার আচরণকে এর অন্যতম প্রমাণ হিসেবে অভিহিত করে বলেনঃ তারা যদি সিরিয়ার ঘটনার মূল হোতা না হয়ে থাকে, তাহলে অন্যান্য দেশের মত তারা কেন নীরব থাকল না? কেন তারা শত শত স্থাপনা, বিভিন্ন কেন্দ্রের অবকাঠামো, বিমানবন্দর, গবেষণা কেন্দ্র, বৈজ্ঞানিক প্রশিক্ষণ কেন্দ্রসহ সিরিযার বিভিন্ন এলাকায় বোমাবর্ষণ করার মতো অযাচিত হস্তক্ষেপ করলো?ঘটনার প্রথম দু'য়েক দিনেই সিরিয়ার ৭৫টি পয়েন্টে হামলার কথা আনুষ্ঠানিক ভাবে স্বীকার করেছে আমেরিকা। বিপ্লবের নেতা এ প্রসঙ্গে বলেনঃ তাদের পাশাপাশি ইহুদিবাদীরাও সিরিয়ার ভূমি দখল করে তাদের ট্যাংক নিয়ে দামেস্কের কাছাকাছি চলে এসেছে। যেই আমেরিকা অন্যান্য দেশের ছোটখাটো সীমান্ত লঙ্ঘনের ঘটনায় অনেক বেশি সংবেদনশীলতা দেখায়, তারা একটু প্রতিবাদও তো করলো না, উল্টো বরং তারা সাহায্য করেছে। তো, সিরিয়ার এই ঘটনায় কি প্রমাণ হয় না যে এইসব দুর্ঘটনার পেছনে তাদের হাত রয়েছে?হজরত আয়াতুল্লাহিল উজমা খামেনেয়ী সিরিয়ার বিষয়ে যুক্তরাষ্ট্র ও ইহুদিবাদীদের জড়িত থাকার আরেকটি প্রমাণ ব্যাখ্যা করে বলেনঃ শেষের দিনগুলোতে সিরিয়ার একটি অঞ্চলের জনগণের জন্য-বিশেষ করে জয়নাবিয়াহ-এলাকার জন্য কিছু সাহায্য ও ত্রাণ পাঠানোর কথা ছিল। কিন্তু ইহুদিবাদীরা সমস্ত স্থলপথ এবং বিমানপথ বন্ধ করে দেয়। আমেরিকা এবং ইহুদিবাদীরা ওই সাহায্যগুলোকে ফ্লাইটের মাধ্যমেও আকাশপথে স্থানান্তর করতে দেয় নি। যদি তারা সিরিয়ার ঘটনার নেপথ্যে না থাকবে এবং কোন সন্ত্রাসী বা সশস্ত্র গোষ্ঠীর সঙ্গে যুক্ত হয়ে সিরিয়ার বিরুদ্ধে যুদ্ধ না করবে, তাহলে তারা সিরিয়ার জনগণকে সাহায্য করা বন্ধ করল কেন?সর্বোচ্চ নেতা বলেনঃপ্রতিরোধ ফ্রন্টের বৈশিষ্ট্য হলোঃ যত বেশি ধাক্কা দেবেন, তত তারা শক্তিশালী হবে। যত বেশি অপরাধযজ্ঞ চালাবেন, তত বেশি উদ্যমী হবে। আপনি তাদের সাথে যত বেশি লড়াই করবেন, তত বেশি তারা বিস্তৃত হবে। আমি আপনাদের বলতে চাই, মহান আল্লাহর ইচ্ছায় প্রতিরোধ ফ্রন্টের পরিধি গোটা পশ্চিম এশিয়া অঞ্চলকে আগের চেয়ে বেশি আষ্টেপৃষ্ঠে বেঁধে ফেলবে। এই পুরো অঞ্চলে প্রতিরোধ ফ্রন্ট আগের চেয়েও অনেক বেশি শক্তিশালী হবে।প্রতিরোধের অর্থ সম্পর্কে যার বিন্দুমাত্র ধারনা নেই, তারা মনে মনে ভাবে, যখন প্রতিরোধ ফ্রন্ট দুর্বল হয়ে পড়েছে, তখন ইসলামি ইরানও দুর্বল হয়ে পড়বে। আমি আপনাদের দৃড়তার সঙ্গে জানাতে চাই, সর্বশক্তিমান আল্লাহর ইচ্ছায়, ইরান অনেক শক্তিশালী এবং সামনের দিকে আরো বেশি শক্তিশালী হবে ইনশাআল্লাহ।অবশ্য যেসব আগ্রাসীর কথা উল্লেখ করলাম তাদের প্রত্যেকেরই একটি উদ্দেশ্য আছে। তাদের লক্ষ্য ভিন্ন, তাদের মধ্যে কেউ কেউ সিরিযার উত্তর বা সিরিযার দক্ষিণ থেকে ভূমি দখল করতে চাচ্ছে, আমেরিকা এ অঞ্চলে তাদের অবস্থান মজবুত করতে চাচ্ছে,এগুলোই তাদের লক্ষ্য। সময়মতো দেখা যাবে তাদের এইসব লক্ষ্যের কোনোটাই অর্জিত হবে না ইনশাআল্লাহ। সিরিয়ার দখলকৃত এলাকা মুক্ত হবে উদ্যমী সিরিয়ান যুবকদের মাধ্যমে এটা যে ঘটবে তাতে কোনো সন্দেহ নেই। আমেরিকার অবস্থানও মজবুত হবে না, আল্লাহর রহমতে, আমেরিকাকেও প্রতিরোধ ফ্রন্টের মাধ্যমে এ অঞ্চল থেকে বিতাড়িত করা হবে।তিনি গত ১৪ মাসের চাপে হিজবুল্লাহ, হামাস, ইসলামি জিহাদ এবং অন্যান্য ফিলিস্তিনি বাহিনী শক্তিশালী হয়েছে বলে উল্লেখ করেন। এই শক্তিশালী হবার ঘটনাকে সত্যের চিহ্ন হিসেবে উল্লেখ করে তিনি বলেনঃবিপর্যয়ের চাপ এবং সাইয়েদ হাসান নাসরুল্লাহকে হারানোর ক্ষতি খুব ভারী ছিল, কিন্তু হিজবুল্লাহর শক্তি এবং মুষ্টি আরো বেশি শক্তিশালী হয়েছে এবং এই সত্য উপলব্ধি করে তারা যুদ্ধবিরতি চাইতে বাধ্য হয়েছে।তিনি ইহুদিবাদীদের সঙ্গে গাঁটছড়া বাঁধাকে জাতিগুলোর জন্য লাল রেখা বলে উল্লেখ করে বলেনঃ ইহুদিবাদী এবং তাদের সহযোগীদের জানা উচিত ঐশি নিয়ম অনুসারে অপরাধ কখনও বিজয় নিয়ে আসে না। আজ সেই ঐশি নীতি এবং ঐতিহাসিক অভিজ্ঞতার পুনরাবৃত্তি ঘটছে গাজা, জর্দান নদীর পশ্চিম তীর এবং লেবাননে।বহু বছর ধরে সিরিয়ায় ইরানের উপস্থিতির কথা উল্লেখ করে সর্বোচ্চ নেতা বলেনঃ একটি বিষয় যা অধিকাংশ তরুণ-তরুণীই জানে না তা হলো, সিরিয়া সরকারকে আমাদের সাহায্যের আগে, অর্থা পবিত্র প্রতিরক্ষার একটি গুরুত্বপূর্ণ পর্যায়ে যখন সবাই সাদ্দামের পক্ষে এবং আমাদের বিপক্ষে কাজ করছিল, সিরিয়া সরকার তখন ইরানকে গুরুত্বপূর্ণ সহায়তা দিয়েছিল। সিরিয়া সরকার ওই সিদ্ধান্তমূলক পদক্ষেপ নিয়ে ইরাক থেকে ভূমধ্যসাগরে তেলের পাইপলাইন বন্ধ করে দেয় এবং সাদ্দামকে তার আয় থেকে বঞ্চিত করে।তিনি সিরিয়া ও ইরাকে ইরানি যুবকদের উপস্থিতি এবং কিছু ইরানি কমান্ডারের উপস্থিতির কারণ হিসেবে আইএসআইএস মোকাবেলার কথা উল্লেখ করে বলেনঃ আই এসআইএস ছিল নিরাপত্তাহীনতার একটি বোমা। তারা সিরিয়া ও ইরাককে নিরাপত্তাহীন করার পর আমাদের দেশকেও নিরাপত্তাহীন করার চূড়ান্ত লক্ষ্যে কাজ করছিল।আমাদের কর্মকর্তারা খুব দ্রুত বুঝতে পেরেছিলেন যে আইএসআইএসের সন্ত্রাসীযাত্রা বন্ধ করা না হলে নিরাপত্তাহীনতা পুরো ইরানকে ছেয়ে ফেলবে। তাদের সন্ত্রাসী বিপর্যয়ের উদাহরণ আপনারা আমাদের সংসদ, শাহচেরাগ এবং কেরমানের ঘটনাগুলোতে দেখেছেন।সিরিয়ার ঘটনা থেকে শিক্ষণীয় বিষয়ের কথা তুলে ধরে তিনি বলেনঃপ্রথম শিক্ষা হল শত্রুকে অবহেলা না করা। সিরিয়ায় শত্রুরা খুব দ্রুত কাজ করেছে কিন্তু তাদেরকে গোয়েন্দা রিপোর্ট আগেই দেওয়া উচিত ছিল এবং তা প্রতিরোধ করা উচিত ছিল। আমাদের গোয়েন্দা সংস্থা কয়েক মাস আগে সিরিয়ার কর্তৃপক্ষকে সতর্কবার্তা পাঠিয়েছিল।আয়াতুল্লাহিল উজমা খামেনেয়ী আরও বলেনঃইসলামি বিপ্লবের ৪৬ বছরে আমরা ছোট-বড়ো অনেক কঠিন ঘটনা ও পরিস্থিতির মধ্য দিয়ে গেছি, যেমন সাদ্দামের বিমান তেহরান বিমানবন্দরে বোমাবর্ষণ করেছিল এবং জনগণের হৃদয়ে ভীতি সৃষ্টি করেছিল, কিন্তু সমস্ত তিক্ত ঘটনার মুখোমুখি হবার পরও ইসলামী প্রজাতন্ত্র এক মুহূর্তের জন্যও নিষ্ক্রিয় হয় নি।সর্বোচ্চ নেতা তাঁর বক্তৃতার শেষে ইরানের জনগণকে সক্রিয় ও সদাপ্রস্তুত থাকার আহ্বান জানিয়ে বলেনঃআল্লাহর রহমতে এ অঞ্চলে ইহুদিবাদ এবং তাদের পশ্চিমা খবিসদের মূল উপাটন করা হবে।

আলহাবাদিয়াকে ভর্সনা সুপ্রিম কোর্টের, রক্ষাকবচও পেল বিতর্কিত ইউটিউবার

নয়াদিল্লি, ১৮ ফেব্রুয়ারি ঃ কুরুচিকর ও আপত্তিজনক মন্তব্যের জন্য ইউটিউবার রণবীর আলহাবাদিয়াকে তীব্র ভর্সনা করলো সুপ্রিম কোর্ট। তবে, রণবীরকে সুরক্ষা কবচও প্রদান করেছে সুপ্রিম কোর্ট। ''ইন্ডিয়াস গট লেটেন্ট'' নামক একটি শো-তে 'জঘন্য' মন্তব্যের জন্য দেশজুড়ে রণবীরের বিরুদ্ধে এফআইআর দায়ের হয়। পাশাপাশি রণবীর অভিযোগ করেছে, সে নাকি প্রাণনাশের হুমকিও পাচ্ছে। যদিও, মঙ্গলবার রণবীরকে অন্তর্বর্তী সুরক্ষা কবচ প্রদান করেছে সুপ্রিম কোর্ট।

একইসঙ্গে আলহাবাদিয়া এবং তার সহযোগীদের কিছু সময়ের জন্য শো থেকে বিরত থাকার নির্দেশ দিয়েছে সর্বোচ্চ আদালত।তদন্তে পূর্ণ সহযোগিতার শর্তে রণবীরকে অন্তর্বর্তী সুরক্ষা প্রদান করেছে শীর্ষ আদালত। সুপ্রিম কোর্ট বলেছে, আলহাবাদিয়ার লজ্জিত হওয়া উচিত। আমরা আইভরি টাওয়ারে নেই এবং আমরা জানি সে কোথা থেকে কন্টেন্ট কপি করেছে। আলহাবাদিয়াকে ভর্সনা করে সুপ্রিম কোর্ট বলেছে, আপনি যে শব্দ চয়ন করেছেন, বাবা-মা লজ্জিত হবে, বোনেরা লজ্জিত হবে। সমগ্র সমাজ লজ্জিত হবে। বিকৃত মস্তিকের পরিচয়। আপনি এবং আপনার সঙ্গীরা এই হীনতার স্তরে চলে গেছেন। আমাদের একটি বিচার ব্যবস্থা আছে, আইনের শাসনে আবদ্ধ।

বছর বছর পুকুর নদী, নালা শুকিয়ে কাঠ, হারিয়ে যাচ্ছে চুনোপুঁটি থেকে আ-মাছ

ধনঞ্জয় বন্দ্যোপাধ্যায়,গুসকরাঃবছর বছর পুকুর নদী নালা শুকিয়ে.কাঠ হারিয়ে যাচ্ছে চুনোপুঁটি থেকে আ-মাছ। নদিনালো পুকুরে নিজে থেকে ই অনেক রকমের মাছ হয.।(মানে চাষ করতে হয.না। এদের আ মাছ বলে অনেকে।)সেখানে বেড়ে ওঠে ।বছরের পর বছর ঘুগ যুগ ধরে চলে আসছিল। কিন্তু বছর বছর বেশীরভাগ নদীনালা পুকুর বড়ো বড়ো জলাসয় গ্রীস্মে প্রখর তাপে জল শুকিয়ে.যাচ্ছে।ফলে জলের অস্তিত্ব না থাকায় হারিয়ে যাচ্ছে চুনোপুঁটি থেকে অনেক জলজ প্রাণী। টেঙাারী, কই, মাগুর, শোল, বোয়াল, সিঙ্গি কমে গেলেও যে পুকুরে মাছ চাষ হয.তাদের সাথে মিশে অনেকটা অস্তিত্ব টিকিয়ে রাখতে পেরেছে। চাহিদা তুলনায় কম হওয়ায় দাম হচ্ছে আকাশছোঁয়া। সাধারণ মানুষের নাগালের বাইরে যাচ্ছে। তবে এই মাছের চাষও শুরু হয়েছে। কিছু নদীনালা পুকুরে চুনোপুঁটি ট্যাঙারী কই চাঁদকুড়ো কাজলী দেখা যায়। সাথে শামুক গুগলি কেকরা ঝিনুক সহ বিভিন্ন মাছ। জলজ প্রাণী মাঠে পানা পুকুরে এরা বেড়ে ওঠে ।পরে বর্ষায় জল পেয়ে মাছ সহ অন্যান্য জলজ প্রাণী নদীনালা সহ বিভিন্ন জলাশয়ে ছায়িয়ে পড়ে । জমে থাকা জলে সারাবছর নিজেদের বাঁচিয়ে রাখে। পরে বর্ষার জলে বংশবিস্তার করে প্রচুর বৃষ্টি হলে নদীনালা পুকুর জল মাঠে রাস্তায় ড্রেন দিয়ে ছড়িয়ে পড়ে।অনেক মানুষ এই মাছ ধরে, বিক্রি করে জীবিকা নির্বাহ করে। এবং মানুষ খেয়ে রসনা তৃপ্ত করে । অনেকের বড় মাছের চেয়ে চুনো পুটি মৌরলা মাছের তৃপ্তি আলাদা। বর্তমানে চুনো মাছ চাহিদা তুলনায় বাজারে কম আসে কম। তাই দাম অনেক বেশী হয়ে যাচ্ছে। অযত্নে বেড়ে ওঠা মাছগুলি যেসব জলাশয় বেড়ে ওঠে পুকুর ডোবা, কাঁদর নদী নালা। বর্ষায় জলে ভোরে যায় ।জল থাকে সারা বছর। পরিমানে কম হলেও কিছু কিছু জল জমে থাকে সারা বছর । বিগত কয়েক বছর বর্ষা কম । গ্রীস্মে প্রখর রৌদ্রে, দেশী, তাপমাত্রা বেশী, বেশিরভাগ জলাশয়ে মাছ থাকার মতো বা পাখিতে খাওয়ার মতো জল থাকেনা । বরং বালি মাটি তপ্ত হয়ে ওঠে। বালি কাদার মধ্যে টিকে থাকতে পারে না ফলে অনের বেড়ে ওঠা চুনোমাছ মাঠে পুকুরে কাঁকড়া, শামুক গুগলি নানান জলজ প্রাণী হারিয়ে যাচ্ছে ।এছাড়া মাঠের জমিতে কীটনাশক রাসায়নিক সার ব্যবহারের ফলে মাছ সহ জলজপ্রাণী বাঁচতে পারছে না। কোনরকম বেঁচে গেলেও হারিয়ে যাচ্ছে তাদের প্রজনন ক্ষমতা। জলে নতুন করে বংশবৃদ্ধি হচ্ছে না। নতুন করে মাছ চাষ করার জন্য পুকুরে এক ধরনের নিম খোল দেওয়ার ফলে ছোট বড় মাছ সহ সমস্ত জলজ প্রাণী মারা যায়। আবার নদী বা বড়ো জলাশয়ে মাছ শিকার করার জন্য বা ধরার জলে বিষ দেওয়া হচ্ছে। (সুন্দরবন এলাকা সহ বিভিন্ন নদীতে) যে মাছ ধরা পরছে না, কিন্তু পরে মরে যাচ্ছে বা তারা বংশবিস্তার করার ক্ষমতা হারাচ্ছে মাছ কমে যাওয়ার মাছের চাহিদা তুলনায় যোগান কম হচ্ছে ফলে এইসব মাছের দাম বৃদ্ধি পাচ্ছে। টাকা বেশী হাতে পাওয়ার লোভে এই মাছ ধরার আগ্রহ বা একশ্রেণী মেছুয়াদের। ফলে অযত্নে বেড়ে ওঠা মাছ জলজ প্রাণী কমছে। মানুষের রসনায় টান পড়ছে। হারিয়ে যাচ্ছে জীবনচক্র, জীববৈচিত্র্য । ছোট ছোট মাছ জলজ প্রাণী বড়ো বড়ো মাছ পাখি অন্যান্য প্রাণীর প্রধান খাদ্য। বেঁচে থাকার রসদ । প্রচন্ড গরমে জল শুকিয়ে মাটি ফেটে যাচ্ছে । পশু পাখিদের খাবার মতো জল নেই। দ্রুত মাছ সহ জলজ প্রাণী হারিয়ে যাওয়া হারিয়ে যাচ্ছে জীবনচক্র ও জীববৈচিত্র্য। শুধু প্রখর গ্রীস্মে জন্য নয় জল থৈ থৈ বর্ষা হয়নি কয়েক বছর। ফলে মাছ নির্দিষ্ট জলাশয়ে আটকে যাচ্ছে। সহজে ধরা পড়ে যাচ্ছে। সংখ্যা কমে যাচ্ছে। জলের অভাবে ছড়িয়ে পড়তে পারছেনা । ভালো বৃষ্টি হলে ভাসতে ভাসতে ছড়িয়ে। বর্ষা বংশ বিস্তার করে । জলের অভাবে বংশ বিস্তার হচ্ছে না । মোট আবার অন্যান্য বড়ো মাছ সহ জলজ প্রাণী ও পাখিদের বেঁচে থাকায় রসদ। দ্রুত মাছ কমতে থাকায় জলজ জীববৈচিত্র্য হারিয়ে যাচ্ছে। বৃষ্টি হলে জলে থই থই করে ভাসতে ভাসতে নদী, নাল ফলে মাছগুলি ছড়িয়ে পড়ে তাদের জীবনধারন সহজ হয়। কিন্তু বিগত কয়েক বছর বর্ষা নেই। ফলে যে মাছগুলি আছে সবে নির্দিষ্ট জলাশয়ে। ফলে সহজে ধরা পড়ে যাচ্ছে। ফলে তাদের সংখ্যা কমে যাচ্ছে। এমনিতে অনেক মাছ হারিয়ে গিয়েছে। অনেকে শুধু নাম জানা যায় বই থেকে। ধীরে ধীরে সেই হারিয়ে যাওয়া মাছের তালিকা দীর্ঘ হবে খুব তাড়াতড়ি। এখন যে মাছগুলি রয়েছে কিন্তু কমছে সেগুলি দেখে নেওয়া যাক। পুঁটি কুচো চিংড়ি, মৌরলা, চাঁদকুড়ো, কই, , সিঙ্গী, মাগুর, চ্যাঙ, ল্যাটা ছিঙড়ি, খলসে, ভেলে, টাঙরী, গুতে ছুঁই মৌরলা বোরলি, , ওলসা মাছ, গুচি, দারকিনা মাছ, পাবদা জলুই, বাশাপাতা মাছ বা কাজলী, চেলা। আরও অনেক মাছ আছে নাম না জানা বা না মনে পাছে না। এইসব মাছের নাম ও ছবি হয়তো এদের মনে করাবে। জেলা থেকে বাংলা থেকে হারিয়ে যাচ্ছে। প্রকৃতির দেশে প্রকৃতির অনেক জলজ প্রাণী হারিয়ে যাচ্ছে। তবে তার থেকেও বেশী দায় কিন্তু মানুষের। মানুষ বেহিসাবি কাজকর্ম প্রকৃতির আচরণ পাল্টাচ্ছে। প্রকৃতির সুফল মানুষই বেশী ভোগ করে। তাই মানুষকেই প্রকৃতির সম্পদ চুনোপুঁটি বাঁচাবার উদ্যোগ নিতে হবে।

হজ যাত্রার জন্য ফিটনেস প্রশিক্ষণ দেওয়া খুবই জরুরি ঃ কিরেন রিজিজু

নয়াদিল্লি, ১৮ ফেব্রুয়ারি ঃকেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজু মঙ্গলবার দিল্লির জামিয়া মিলিয়া ইসলামিয়া বিশ্ববিদ্যালয়ে হজ যাত্রীদের জন্য ফিটনেস সচেতনতা কর্মসূচিতে অংশ নেন। হজ যাত্রীদের সুস্থতা ও ফিটনেসের ওপর জোর দিয়েছেন তিনি। কিরেন রিজিজু বলেন, হজ যাত্রার জন্য ফিটনেস প্রশিক্ষণ দেওয়া খুবই জরুরি।কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজু বলেছেন, ভারত থেকে প্রচুর সংখ্যক মানুষ হজ যাত্রায় যান। এ জন্য স্বাস্থ্য ভালো থাকা খুবই গুরুত্বপূর্ণ। দিল্লি হজ কমিটি খুব ভালো ব্যবস্থা করেছে। হজ যাত্রার জন্য ফিটনেস ট্রেনিং দেওয়া খুবই গুরুত্বপূর্ণ। যাতে সেখানে পৌঁছনোর পর তাঁদের কোনও সমস্যা না হয়। আমি দিল্লি হজ কমিটি এবং পুরো টিমের প্রশংসা করতে চাই। তারা খুব ভালো কাজ করেছে।দিল্লি রাজ্য হজ কমিটির চেয়ারপার্সন এবং বিজেপি নেত্রী কাউসার জাহান বলেন, হজ যাত্রায় শারীরিক সুস্থতা একটি প্রধান ভূমিকা পালন করে। আমরা হজযাত্রীদের মধ্যে শারীরিক সুস্থতা সম্পর্কে সচেতনতা ছড়িয়ে দেওয়ার জন্য এই কর্মসূচির আয়োজন করেছি। আমি কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজুকে ধন্যবাদ জানাই, যিনি এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

অমিত শাহের সঙ্গে বৈঠক ওমরের, নতুন ফৌজদারি আইন নিয়ে হয়েছে চর্চা

নয়াদিল্লি, ১৮ ফেব্রুয়ারি ঃ দিল্লিতে কেঃদ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে বৈঠক করেছেন জম্মু ও কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আব্দুল্লাহ। বৈঠকে উপস্থিত ছিলেন জম্মু ও কাশ্মীরের উপরাজ্যপাল মনোজ সিনহাও। জম্মু ও কাশ্মীরে নতুন ফৌজদারি আইন প্রয়োগের বিষয়ে একটি পর্যালোচনা বৈঠক হয়েছে এদিন। বৈঠকের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে ওমর আব্দুল্লাহ বলেছেন, দেশে যে ফৌজদারি আইন কার্যকর হয়েছে এবং কী পরিমাণে ব্যবহার হচ্ছে তা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ক্রমাগত পর্যালোচনা করছেন। এই ক্ষেত্রে এবার জম্মু ও কাশ্মীরের পালা।ওমর আব্দুল্লাহ আরও বলেছেন, এর আগে ১১টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মধ্যে পর্যালোচনা বৈঠক হয়েছিল। অনেকাংশে, এই আইনগুলি বাস্তবায়নে জম্মু ও কাশ্মীরের ভূমিকা ভাল ছিল। যে জায়গাটিতে একটু দুর্বলতা রয়েছে তা উল্লেখ করা হয়েছে এবং তা সংশোধন করা হবে। যেহেতু এগুলি নতুন আইন এবং জনগণকে আইন সম্পর্কে সচেতন হওয়া উচিত, নির্বাচিত সরকারকে কিছুটা অগ্রগতি করতে হবে।

সমস্ত ভাল কাজের বিরোধিতা করা সপা-র অভ্যাসে পরিণত হয়েছেঃযোগী আদিত্যনাথ

লখনউ, ১৮ ফেব্রুয়ারি ঃ সমাজবাদী পার্টির তীব্র সমালোচনা করলেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। তাঁর কথায়, রাজ্যের স্বার্থে সমস্ত ভাল কাজের বিরোধিতা করা সপা-র অভ্যাসে পরিণত হয়েছে। মঙ্গলবার উত্তর প্রদেশ বিধানসভার বাজেট অধিবেশনের প্রথম দিন সভায় বক্তব্য রাখার সময় যোগী আদিত্যনাথ বলেছেন, এটা আপনাদের সমস্যা, আপনারা (সমাজবাদী পার্টি) প্রতিটি ভালো কাজের বিরোধিতা করেন, যা রাজ্যের স্বার্থে। এই ধরনের বিরোধিতার নিন্দা করা উচিত। এই লোকজন নিজেদের সন্তানদের ইংরেজি মাধ্যম স্কুলে পড়াবে, কিন্তু সরকার যদি অন্যের ছেলেমেয়েদের সুযোগ-সুবিধা দিতে চায়, তাঁরা তাঁদের উর্দু পড়াতে বাধ্য করবে, তাঁরা চায় তাঁরা মৌলবি হোক।যোগী আদিত্যনাথ আরও বলেছেন, উত্তর প্রদেশের বিভিন্ন উপভাষা, ভোজপুরি, আওয়াধি, ব্রজ এবং বুন্দেলখণ্ডি এই সভায় সম্মান পাচ্ছে এবং আমাদের সরকারও এই সবের জন্য বিভিন্ন একাডেমি গঠনের প্রক্রিয়া এগিয়ে নিয়ে যাচ্ছে। এই সভা কেবল বিশুদ্ধ সাহিত্যিক এবং ব্যাকরণ পণ্ডিতদের জন্য নয়। কেউ যদি হিন্দিতে সাবলীলভাবে কথা বলতে না পারে, তবে তার ভোজপুরি, আওয়াধি, ব্রজ বা বুন্দেলখণ্ডিতেও নিজস্ব মতামত উপস্থাপনের অধিকার পাওয়া উচিত।

পুলওয়ামার ত্রালে সন্দেহজনক বস্তু উদ্ধার, ধ্বংস করল সুরক্ষা বাহিনী

শ্রীনগর, ১৮ ফেব্রুয়ারি ঃ সন্দেহজনক বস্তু উদ্ধারকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ালো জম্মু ও কাশ্মীরের পুলওয়ামা জেলার ত্রালে। মঙ্গলবার সকালে ত্রালের পিংলিশ নাগওয়াড়িতে একটি সন্দেহজনক বস্তু পাওয়া যায়, বস্তুটিকে ঘিরে রাখে সুরক্ষা বাহিনী। খবর দেওয়া হয় বম্ব ডিসপোজাল স্কোয়াডকে, পরে বোমা নিষ্ক্রিয়কারী দল সন্দেহজনক বস্তুটি ধ্বংস করে।অন্যদিকে, দক্ষিণ কাশ্মীরের শোপিয়ান জেলায় মঙ্গলবার ৭ কেজি ওজনের আইইডি উদ্ধার করেছে সুরক্ষা বাহিনী। শোপিয়ান জেলার কাশওয়া চিত্রগাম গ্রাম থেকে উদ্ধার হয়েছে প্রায় ৭ কেজি ওজনের আইইডি। সেই আইইডি ধ্বংস করা হয়েছে।

শ্রীনগরের নূন্যতম তাপমাত্রা ২ ডিগ্রি, ভূস্বর্গে বৃষ্টি ও তুষারপাতের পূর্বাভাস

শ্রীনগর, ১৮ ফেব্রুয়ারি ঃ পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে জম্মু ও কাশ্মীরে বৃষ্টি ও তুষারপাতের সম্ভাবনার কথা জানালো আবহাওয়া দফতর। ১৮ ও ১৯ ফেব্রুয়ারি হালকা বৃষ্টি হতে পারে। ২০ ফেব্রুয়ারি জম্মু ও কাশ্মীরের বেশিরভাগ অংশে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত প্রত্যাশিত এবং কোথাও কোথাও ভারী বৃষ্টি ও তুষারপাত হতে পারে। শীতের দাপট এখনও অব্যাহত কাশ্মীরে, মঙ্গলবার শ্রীনগরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২ ডিগ্রি সেলসিয়াস।জম্মু অঞ্চলে কাশ্মীর উপত্যকার চেয়ে বেশি বৃষ্টিপাত হতে পারে, এছাড়াও চেনাব উপত্যকার রামবান, কিশতওয়ার এবং ডোডা জেলাগুলিতে মাঝারি

থেকে ভারী বৃষ্টিপাত হতে পারে বলে আশা করা হচ্ছে। পীর পাঞ্জল রেঞ্জে প্রবল তুষারপাত হবে বলে আশা করা হচ্ছে, বিশেষ করে গুলমার্গ, সিন্থন টপ, পিয়ার কি গালি এবং মুঘল রোডের পাশের এলাকাগুলিতে। ২১ ফেব্রুয়ারির পর থেকে আবহাওয়ার উন্নতি হবে, এরপর ফের শুষ্ক হয়ে উঠবে জম্মু ও কাশ্মীরের আবহাওয়া।

১৯ ও ২০ ফেব্রুয়ারি হিমাচলে তুষারপাত ও বৃষ্টির পূর্বাভাস, জারি সতর্কতা

শিমলা, ১৮ ফেব্রুয়ারি ঃ হিমাচল প্রদেশে বৃষ্টি ও তুষারপাতের সম্ভাবনার কথা জানালো আবহাওয়া দফতর। ১৯ ও ২০ ফেব্রুয়ারি হিমাচল প্রদেশের বিভিন্ন স্থানে হালকা বৃষ্টি ও তুষারপাতের সম্ভাবনা রয়েছে। ১৯ ফেব্রুয়ারি পশ্চিমী ঝঞ্ঝা প্রভাবিত করতে পারে হিমাচল প্রদেশকে, এরই প্রভাবে বৃষ্টি ও তুষারপাতের সম্ভাবনা রয়েছে।যদিও ২১ ফেব্রুয়ারির পরে বৃষ্টিপাত কমে যাবে, তবুও ২১-২৩ ফেব্রুয়ারি লাহৌল-স্পিতি, কিন্নর এবং চম্বা, কাংড়া এবং কুল্লুর উঁচু পাহাড়ি অঞ্চলে বিক্ষিপ্তভাবে বৃষ্টি ও তুষারপাত হতে পারে। ১৯ ও ২০ ফেব্রুয়ারি বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি ও বজ্রাঘাতের হলুদ সতর্কত জারি করা হয়েছে।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

৬ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ, বুধবার, ইংরেজীঃ১৯ফেব্রুয়ারী ২০২৫, ৫৩৮ চৈতনাব্দ, কলিঃ৫১২৫, সৌরঃ০৪ ফাল্গুন, চান্দ্রঃ ৬ গোবিন্দ মাস, ১৯৪৬ শকাব্দ ২০৮১ বিক্রম সাম্ব, ২৫৬৮ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১ ফাল্গুন ১৪৩১, ভারতীয় সিভিলঃ ১ ফাল্গুন ১৯৪৬, মৈতৈঃ৬ ফাইরেন, আসামঃ২৮ মাঘ, মুসলিমঃ ৫-শা'বান-১৪৪৬ হিজরী।শীতলা ষষ্ঠীসূর্য উদয়ঃসকাল ০৬ঃ১৬ঃ৫০ এবং অস্তঃবিকাল ০৫ঃ২৩ঃ৫৯।চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ০৪ঃ০৮(৪) এবং অস্তঃরাত্রি ১১ঃ২৫ঃ২১(৪)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) শেষ রাত্রি ঘ ০৫ঃ১৬ঃ৩৩ দং ৫৭৩০১২.৫ পর্যন্তনক্ষত্রঃঅশ্বিনী রাত্রিঃ১২ঃ৪৬ঃ১২ দং ৪৬১৪২০ পর্যন্ত পরে ভরণীকরণঃগর রাত্রিঃ ০৬ঃ২৭ঃ২৮ দং ৩০২৬২২.৫ পর্যন্ত পরে বণিজযোগঃশুভ শেষ রাত্রি ঘ ০৩ঃ০৬ঃ৫৭ দং ৫২৬১২.৫ পর্যন্ত পরে শুক্রঅমৃতযোগঃদিন ০৮ঃ৩০ঃ২১ থেকে - ১০ঃ৪৩ঃ৪৭ পর্যন্ত, তারপর ১২ঃ৫৭ঃ১৩ থেকে - ০২ঃ২৬ঃ১০ পর্যন্ত, তারপর ০৩ঃ১০ঃ৩৯ থেকে - ০৪ঃ৩৯ঃ৩৬ পর্যন্ত এবং রাত্রি ০৫ঃ২৪ঃ০৪ থেকে - ০৬ঃ১৫ঃ৩৬ পর্যন্ত, তারপর ০৮ঃ৫০ঃ১০ থেকে - ১১ঃ২৪ঃ৪৪ পর্যন্ত, তারপর ০১ঃ৫৯ঃ১৮ থেকে - ০৩ঃ৪২ঃ২১ পর্যন্ত।কুলিকবেলাঃ দিন ১২ঃ৫৭ঃ১৩ থেকে - ০১ঃ৪১ঃ৪১ পর্যন্ত।কুলিকরাত্রিঃ১২ঃ১৬ঃ১৬ থেকে - ০১ঃ০৭ঃ৪৭ পর্যন্ত।বারবেলাঃদিন ০৭ঃ৪০ঃ১৯ থেকে - ০৯ঃ০৩ঃ৪৩ পর্যন্ত। কালবেলাঃদিন ০১ঃ১৩ঃ৫৪ থেকে - ০২ঃ৩৭ঃ১৭ পর্যন্ত। কালরাত্রিঃ ০৭ঃ০০ঃ৪১ থেকে - ০৮ঃ৩৭ঃ১৭ পর্যন্ত।গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃ রবিঃ৯২২০৩৩ (২২) ৪ পদচন্দ্রঃ ০১৫৫০২১ (২) ১ পদমঙ্গলঃ ২২৬২২০ (৭) ২ পদবুধঃ ৯২১৫১৪৫ (২২) ৪ পদ বৃহস্পতিঃ১১৭৪২১৯ (৪) ৩ পদ শুক্রঃ১১৩৩৮১৮ (২৬) ১ পদ শনিঃ১০২০৪৪৩২ (২৫) ১ পদ রাহুঃ১১৭৪৩৪৩ (২৬) ২ পদকেতুঃ ৫৭৪৩৪৩ (১২) ৪ পদমঙ্গল বক্রি বৃহস্পতি বক্রি।লগ্নঃমকর রাশি সকাল ০৬ঃ৪৭ঃ২৭ পর্যন্ত। কুম্ভ রাশি সকাল ০৮ঃ২০ঃ৫০ পর্যন্ত। মীন রাশি সকাল ০৯ঃ৫১ঃ৫৪ পর্যন্ত। মেষ রাশি সকাল ১১ঃ৩২ঃ২৭ পর্যন্ত। বৃষ রাশি দুপুর ০১ঃ৩০ঃ৫২ পর্যন্ত। মিথুন রাশি দুপুর ০৩ঃ৪৪ঃ১০ পর্যন্ত। কর্কট রাশি বিকাল ০৫ঃ৫৯ঃ৫৪ পর্যন্ত। সিংহ রাশি সন্ধ্যা ০৮ঃ১১ঃ১৩ পর্যন্ত। কন্যা রাশি রাত্র ১০ঃ২১ঃ২৪ পর্যন্ত। তুলা রাশি রাত্রি ১২ঃ৩৫ঃ৩৫ পর্যন্ত। বৃশ্চিক রাশি শেষ রাত্রি ০২ঃ৫১ঃ২০ পর্যন্ত। ধনু রাশি শেষ রাত্রি ০৪ঃ৫৬ঃ৩৭ পর্যন্ত।

আবহাওয়া

কলকাতা-সহ সমগ্র দক্ষিণবঙ্গে ধীরে ধীরে বা।ছে তাপমাত্রার পারদ। ফেব্রুয়ারি মাস এখনও শেষ হয়নি, এরই মধ্যে উষ্ণ হয়ে উঠেছে দক্ষিণবঙ্গ। আগামী কিছু দিন একটু একটু করে তাপমাত্রা বা।বে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। শীতের আমেজ আর সেভাবে অনুভূত হবে না।বুধবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৮ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৪.১ ডিগ্রি বেশি। দু'দিন আগেও যতটুকু শীত অনুভূত হচ্ছিল, বুধবার সকালে আর শীত অনুভূত হয়নি। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী দু'দিন তাপমাত্রার বিশেষ হেরফের হবে না। কিছু কিছু জেলায় কুয়াশাও থাকতে পারে।।জোয়ার-সকাল৭ টা ৫০ মিনিট এবং রাত ১০টা ৫৫ মিনিট। ভাটা-সকাল ৯ টা ৫০মনিট এবং রাত ২ টা ৫০মিনিট। সূর্যঃউদয় সকাল ৬টা ০৯মিনিট এবং অস্ত ৫টা ৩৫মিনিট

জল জীবন মিশনের উদ্যোগে

হাওড়ায় একাধিক এলাকায় পানীয় জলের সমস্যা মেটাতে তৎপরতা শুরু

মতিয়ার রহমান, উলুবেড়িয়া,১৮ ফেব্রুয়ারি ঃ জল জীবন মিশনের উদ্যোগে গ্রীষ্মকাল পড়তে না পড়তেই হাওড়ায় একাধিক এলাকায় পানীয় জলের সমস্যা মেটাতে তৎপরতা শুরু হয়েছে। হাওড়ার জগবল্লভপুর ব্লকের জল জীবন মিশন প্রকল্পের কাজ দেখে সন্তোষ প্রকাশ করলেন কেন্দ্রীয় পরিদর্শকের একটি দল। প্রসঙ্গত গরম পড়তে না পড়তেই পানীয় জলের উপর বিশেষ জোর দেওয়া হয়েছে বলে জল জীবন মিশনের পক্ষ হতে জানানো হয়। রাজ্যের বিভিন্ন ব্লকে জল জীবন মিশনের কাজ চলছে।এই পরিদর্শক টিমের নেতৃত্বে আছেন ডবিনর সিং বাজয়া। সোমবার জগবল্লবপুরের শিয়ালডাঙা,মাজু গ্রাম পঞ্চায়েত দুটির বেশ কয়েকটি জায়গায় গিয়ে পরিদর্শক দল টি,ব্লক আধিকারিক ,জন প্রতিনিধিদের নিয়ে ঘোরেন। শুধু তাই নয়,নিজেরা ট্যাপ খুলে জলের ফ্লো দেখেন। এছাড়াও সাধারণ মানুষের সঙ্গে কথা বলে সমস্যা বোঝার চেষ্টা করেন। তবে পরিদর্শকের দল পরিদর্শনের শেষে জগবল্লভপুর ব্লকের জল জীবন মিশনের কাজে বেশ খুশী বলে জানিয়েছেন তাঁরা। জল জীবন মিশনের দায়িত্বে থাকা হাওড়ার ডিভিশনের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার সৌরভ বসু জানান,আমরা এলাকার বিভিন্ন স্তরের মানুষের সঙ্গে কথা বলে বৈজ্ঞানিক পদ্ধতি মেনে এই কাজ করেছি। ফলে জলের ফ্লো নিয়ে আপাতত কোন সমস্যা চোখে পড়ে নি। যা ওনারা ও জানিয়েছেন। এদিন জগবল্লভপুর ব্লকের বি ডি ও উৎপল দাস মুহুরি, জগবল্লভপুর পঞ্চায়েত সমিতির সভাপতি রঞ্জন কুন্ডু ও পরিদর্শক দলের সঙ্গে ছিলেন। প্রসঙ্গত জল জীবন মিশন প্রকল্পের সহায়ক সংস্থা হিসাবে রয়েছে কুল্টিকরী মাদার টেরিজা সোস্যাল ওয়েলফেয়ার সোসাইটি, সংস্থার পক্ষ হতে জানানো হয় যে কাজের অগ্রগতি খুব ভালো। তবে এখন জলের ফ্লো থাকলে ও প্রবল দাবদাহের সময় জলের ফ্লো কতটা থাকবে তাই দেখার বলে অভিমত দিয়েছে এলাকার বহু মানুষ।

আমের মুকুল ঝড়া আটকাতে কি করনীয়, নিমপীঠ রামকৃষ্ণ আশ্রমের কৃষি বিজ্ঞান কেন্দ্রের কৃষি বিশেষজ্ঞর পরামর্শ

উজ্জ্বল বঃেদ্যাপাধ্যায়,জয়নগর ঃ মরশুমি ফলের মধ্যে অন্যতম হলো আম। যা একটি অর্থকরী ফল।ফলের রাজা বলা হযে.থাকে আমকে। আম একটি গ্রীষ্মকালীন ফল। সাধারণত ফেব্রুয়ারি মাসে আম গাছে মুকুল আসা শুরু করে। তবে শুরুতে গাছ ভরে যায.মুকুলে কিন্তু সেই মুকুল বাঁচিযে.রাখা অনেকটাই কঠিন ব্যাপার হযে.থাকে। কারণ মুকুলে অনেক পরিমাণে ফুল থাকে। আমরা অনেক সময.ভাবি আমাদের গাছে অনেক মুকুল আসছে কিন্তু তবুও কেন ফুলগুলো ঝরে পরে যাচ্ছে, এই সমস্ত কথা অনেক আম চাষিই বলে থাকে। আম গাছের একটা ডালে অনেকগুলো ফুল থাকে, যদি ওই একটা ডাল থেকে একটা ফল ও হয.তাহলে একে বাম্পার ফলন বলা হবে। কিন্তু এই বাম্পার ফলন টিকিযে.রাখা সম্ভব হয.না। তারপরও অনেক সময. অসময়ে. বৃষ্টি বা ঝড়ের জন্য আমের মুকুল ঝড়ে পরে যায।যেখানে আমের প্রচুর পরিমাণে ফলন হওযার কথা সেখানে আম ঝড়ে পরে যায। তবে বেশিরভাগ ক্ষেত্রে বৃষ্টির জন্য অথবা পরিচর্যার অভাবে। কিন্তু কিভাবে বাঁচাবে ঝরে যাওযা.মুকুল গুলি ঝড়ে পাার কারন টা কি। মূলত আমের ফুলগুলোকে একত্রে আমের মুকুল বলা হযে. থাকে।আমের মুকুলের মধ্যে হাজার হাজার ফুল থাকে। পুরুষ এবং স্ত্রী ফুল একসাথেই থাকে। এই মুকুল থেকেই আমের গুটি আসা শুরু করে। এই মুকুল থেকে আমের গুঁটি জন্মায।মূলত আমের ফুল গুলোকে একত্রে আমের মুকুল বলা হযে. থাকে। আমের মুকুলের মধ্যে হাজার হাজার ফুল থাকে। পুরুষ এবং স্ত্রী ফুল একসাথেই থাকে। এই মুকুল থেকেই আমের গুটি আসা শুরু করে। এই মুকুল থেকে আমের গুঁটি জন্মায। মুলত হপার পোকার আক্রমণে মুকুল ঝড়ে পাার একটি অন্যতম কারন বলে মনে করেন কৃষি বিশেষজ্ঞরা। এর পাশাপাশি প্রাকৃতিক কারণ যেমন বৃষ্টি, ঝড়, বন্যা, শিলা বৃষ্টির জন্য মুকুল ঝড়ে পরে। মাটিতে রসের অভাব হলে আমের মুকুল ঝড়ে পরে যায। কিভাবে বাঁচাবেন আমের মুকুল তা তুলে ধরলেন নিমপীঠ রামকৃষ্ণ আশ্রমের কৃষি বিজ্ঞান কেঃেন্দ্রর প্রধান সিনিয়র কৃষি বিজ্ঞানী ড.চঃ দন কুমার মন্ডল। তিনি বলেন,প্রথমত আমবাগান পরিষ্কার পরিচ্ছন্ন,আগাছামুক্ত ও খোলামেলা অবস্থায.রাখতে হবে।ম।। ডালপালা ছেঁটে ফেলতে হবে। শীতের পর গরম শুরু হয।এই সমযটাতে আম গাছের প্রচুর জলের প্রযোজন পরে। তাই গাছের গোড়াতে পর্যাপ্ত পরিমাণে জল পায.তা লক্ষ্য রাখতে হবে। ফুল থেকে যখন ফল মটর দানার মতো হবে তখন একটা স্প্রে করতে হবে হপার পোকা দমনের জন্য। সাধারণত মুকুল আসার আগে হপার পোকার জন্য স্প্রে করতে হয।হপার পোকার জন্য ডাযাজিনন ৬০ ইসি বা লেবাসিড ৫০ ইসি চা চামচের ৪ চামচ ৮.৫ লিটার জলে মিশিযে.১৫ দিন পর পর দুই বার স্প্রে করতে হবে।আমটা যখন গুটি আকার ধারণ করবে তখন ১০-২০ দিন পর পর বোরিক এসিড ৬ গ্রাম১০ লি. জলে স্প্রে করলে আমের গুটির পরিমাণ বেড়ে যাবে। আম গাছের পাশে মৌমাছি পালন করতে হবে প্রাকৃতিক পরাগাযনের জন্য। এ ছাড়া আম বাগানে বিভিন্ন জাতের আম গাছ লাগাতে হবে এবং পাশাপাশি বিভিন্ন ফুল গাছ লাগাতে হবে যাতে বিভিন্ন পোকামাকড় পরাগাযনে সহযোগিতা করে।লক্ষ্য রাখতে হবে গাছে যখন ফুল ফুটে যাবে তখন কোনো প্রকার স্প্রে করা যাবে না। আম গাছে মুকুল আসার আগে স্প্রে করা যেমন জরুরি না, তেমনি মুকুল ফোটার পর স্প্রে করার জরুরি নয।তাই এই পদ্ধতি অবলম্বন করলে আমের মুকুল ঝরে পড়া থেকে অনেকটাই রক্ষা করা যাবে।এবং ভালো ফলন হবে।

উলুবেড়িয়ায় উদ্ধার অজ্ঞাত পরিচয় ব্যক্তির দেহ, তদন্তে পুলিশ

দুরন্ত বার্তা, উলুবেড়িযায়, ১৮ ফেব্রুয়ারি ঃ হাওড়া জেলার উলুবেড়িয়ার ১৬ নম্বর জাতীয় সড়কের পাশ থেকে মুখ বাঁধা অবস্থায় উদ্ধার হল অজ্ঞাত পরিচয় এক ব্যক্তির দেহ। স্থানীয় বাসিন্দাদের অনুমান, অন্য কোথাও খুন করে তাঁর দেহ এখানে ফেলে দেওয়া হয়েছে। দেহ উদ্ধারকে কেন্দ্র করে মঙ্গলবার সকালে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। ইতিমধ্যেই ঘটনার তদন্ত শুরু করেছে উলুবেড়িয়া থানার পুলিশ। দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উলুবেড়িয়ার শরচন্দ্র চট্টোপাধ্যায় মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, ওই ব্যক্তিকে খুন করা হয়েছে। তবে ময়নাতদন্তের রিপোর্ট আসার পরই সব তথ্য দেওয়া সম্ভব হবে বলে জানিয়েছেন তদন্তকারী আধিকারিকরা। পুলিশ মৃতের নাম ও পরিচয় জানার চেষ্টা করছে।

ব্যান্ডেলে রেলের কোয়ার্টার ভাঙার কাজ শুরু, ক্ষেপে গেলেন চুঁচুড়ার বিধায়ক

বনস্পতি দে, হুগলি, ১৭ ফেব্রুয়ারি ঃ বিধায়কের টার্গেট রেলের কর্মীরা। ‘ না কেন? আপকে ঘর ম্যায় বঁটি নেহি হ্যয়, কাটারি নেহি হ্যয়? ওসব লেকে মারো উসকো’, সাধারণ মানুষকে এমনই নিদান দিচ্ছেন খোদ শাসকদলের বিধায়কের। অমৃত ভারত স্টেশন প্রকল্পের আওতায় এসেছে ব্যান্ডেল স্টেশন। ঘটনা হুগলি জেলার ব্যান্ডেল এলাকার। তাই সেখানে বদলের হাওয়া। বদলে যাবে স্টেশনের খোলনলচে। উন্নত হবে পরিবেশ-পরিস্থিতি। কিন্তু তার জন্য প্রয়োজন স্টেশন সম্প্রসারণ। তাই রেলের আওতায় থাকা ব্যান্ডেল আম-বাগান, লোকোপাড়া এলাকায় পরিত্যক্ত জমিতে কাজ শুরু করতে চাইছে কর্তৃপক্ষ। কিন্তু সেই এলাকাতেই বছর বছর ধরে পরিত্যক্ত কোর্য়াটারগুলি দখল করে বসবাস করছেন বহু মানুষ। রেলকর্মীরা উঠে গেলেও, মাথার উপর ছাদ জোগাতে দখলদারি নিয়েই সেখানে থাকছেন তারা। মূলত, দিনমজুর ও পরিযায়ী শ্রমিকদেরই ওখানে বসবাস বেশি। এদিকে, ব্যান্ডেল স্টেশনের সম্প্রসারণে সেই পরিত্যক্ত কোয়ার্টার এলাকা হাতছাড়া করতে নারাজ রেল কর্তৃপক্ষ। তাই সম্প্রতি লোকোপাড়া বসবাসকারীদের দেওয়া হয়েছে উচ্ছেদের নোটিস। আর সেই ইস্যুতেই সুর চড়িয়েছেন চুঁচুড়ার তৃণমূল বিধায়ক অসিত মজুমদার। কিছুদিন আগেই এই রেলের উচ্ছেদ নোটিস জারি করা নিয়ে একটি বৈঠক করেন তৃণমূল নেতা। তাঁর দাবি, যথাযথ পুনর্বাসন ছাড়া উচ্ছেদ করা যাবে না। সোমবার, সেই প্রসঙ্গেই ওই এলাকায় যান অসিত মজুমদার। গিয়ে দেখেন ইতিমধ্যেই কোয়ার্টার ভাঙার কাজ শুরু করে দিয়েছে রেল কর্তৃপক্ষ। আর তাতেই যেন ক্ষেপে লাল হয়ে যান বিধায়ক। সেখানে দাঁড়িয়েই বাসিন্দাদের বলেন, ‘ বঁটি, কাটারি আছে? তাহলে মারছেন না কেন? মারুন ওদের।’ উচ্ছেদ আটকাতে কার্যত ‘ পথকেই যেন বেছে নিতে বলেন বিধায়ক। তাঁর আরও দাবি, ‘ কুকুর তাড়ানো যায় না। ৪০-৫০ বছর ধরে এরা এখানে আছে। এই ভাবে উচ্ছেদ করা যায় নাকি? রেলকে এদের পুনর্বাসন দিতে হবে।’ এরপর তিনি বলেন, ‘যা বলেছি, ঠিক করেছি। দাদা আছে, দাদাগিরি এখানে চলবে না।’ স্থানীয়দের অভিযোগ, ওই পরিত্যক্ত এলাকা থেকে বসবাসকারীদের উচ্ছেদ ও সম্প্রসারণের টেন্ডার নিয়েছেন নাকি একজন তৃণমূল কর্মীই। সেই কথা শুনতেই বিধায়ক বলেন, ‘ করে খাওয়ার জায়গা নয়। আমি যদি খবর পাই, তৃণমূলের কোনও কাজে তাকে রাখব না।’ অবশ্য এই উচ্ছেদের প্রসঙ্গে বিজেপি হুগলি সাংগাঠনিক জেলা সাধারণ সম্পাদক সুরেশ সাউ বলেন, ‘ যে সব কোয়ার্টারে রেলের কেউ থাকেনা। তাদের উচ্ছেদের কথা বলেছে। বিধায়ক রাজ্য সরকারের জায়গায় তাদের পুনর্বাসনের ব্যবস্থা করুক। তা না করে আইন হাতে তুলে নিতে বলছেন।

‘বাংলার মাটি বাংলার জল’ গানটিকে রাজ্য সঙ্গীত

দুরন্ত বার্তা, কলকাতা, ১৮ ফেব্রুয়ারি ঃ রাজ্য সরকার রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা বাংলার মাটি বাংলার জল গানটিকে রাজ্য সঙ্গীত হিসাবে ব্যবহার করার কথা ঘোষনা করেছে। মুখ্যসচিব মনোজ পন্থ এর জারি করা এক নির্দেশিকায় গানটির একটি স্তবক উল্লেখ করে তা এক মিনিট গাওয়ার কথা বলা হয়েছে। রাজ্য সঙ্গীত চলাকালীন উঠে দাঁড়ানো বাধ্যতামূলক না করা হলেও সেটা হলে উতসাহব্যাণজক হবে বলে সরকারি ভাবে জানানো হয়েছে। উল্লেখ্য রাজ্য সরকার ২০২৩ সালে এক জোড়া সিদ্ধান্তে বিধানসভায় পয়লা বৈশাখকে রাজ্য দিবস হিসাবে পালন করার পাশাপাশি বাংলার মাটি বাংলার জল গানটি রাজ্য সঙ্গীত হিসাবে পাশ করিয়েছিল।

২০-২৩ ফেব্রুয়ারি পর্যন্ত গ্রিন লাইনে সম্পূর্ণ অবরোধ

দুরন্ত বার্তা, কলকাতা, তারিখ.১৮ ফেব্রুয়ারি ঃ হাওড়া মযদান থেকে সল্টলেক সেক্টর ভি পর্যন্ত সমগ্র পূর্ব-পশ্চিম মেট্রো করিডোর (গ্রিন লাইন) তে যোগাযোগ ভিত্তিক ট্রেন নিযন্ত্রণ (সিবিটিসি) সিস্টেমের পরীক্ষার জন্য, পূর্বে ঘোষিত ঘোষণা অনুসারে, মেট্রো রেলওয়ে, কলকাতা ২০.০২.২০২৫ থেকে ২৩.০২.২০২৫ (শনিবার এবং রবিবার সহ চার দিন) পর্যন্ত আরও একটি সম্পূর্ণ ট্র্যাফিক ব্লক মঞ্জুর করতে চলেছে। এই সময়ের মধ্যে কেবল পূর্ব-পশ্চিম করিডোরে কোনও পরিষেবা পাওয়া যাবে না। মূল সময়সূচী অনুসারে এই দিনগুলিতে ব্লু লাইন, পার্পল লাইন এবং অরেঞ্জ লাইন সম্পূর্ণরূপে চালু থাকবে। গ্রিন লাইন মেট্রো যাত্রীদের অসুবিধার জন্য গভীরভাবে দুঃখিত।

কলেজ ছাত্রীকে বিয়ের প্রস্তাব রাজি না হওয়ায় মারধর, ধৃত দুই অভিযুক্ত

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,জয়নগর, ১৮ ফেব্রুয়ারি ঃ বিয়ের প্রস্তাব প্রত্যাখ্যান করায় এক কলেজ পড়ুয়া যুবতীকে বাড়ি ফেরার সময় কলেজের সামনে থেকে স্কুটি করে অপহরণ করে নিয়ে গিয়ে তাঁকে অ্যাসিড মারার হুমকি দিয়ে চিৎকার বন্ধ করে দিয়ে বেধড়ক মারধরের অভিযোগ উঠল তিন যুবকের বিরুদ্ধে। অভিযোগ, দুটি স্কুটি করে এসে তুলে নিয়ে গিয়ে গৌরদহ চার্জ সংলগ্ন মাঠে ফেলে মারধর করা হয়। তারপরে সন্ধ্যায় বাড়ির সামনে গিয়ে ফেলে দেওয়া হয় যুবতীকে। তাঁর শরীরের বিভিন্ন অংশে চোট লেগেছে। ওই যুবতী চম্পাহাটি সুশীলকর কলেজের বি এ দ্বিতীয় বর্ষের ছাত্রী। বাড়ি বেলেগাছি পঞ্চায়েতের রামকৃষ্ণ পল্লী এলাকায়। সোমবার রাতেই যুবতীর পরিবারের লোকজন তাঁকে উদ্ধার করে জখম অবস্থায় বারুইপুর মহকুমা হাসপাতালে নিয়ে আসে। বারুইপুর থানায় অভিযুক্ত যুবক শ্বাশত বৈদ্য সহ তিন জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের হয়েছে। ঘটনার পরে আতঙ্কিত হয়ে পড়েছে ওই যুবতী সহ তাঁর পরিবার। যুবতীর অভিযোগ, কলেজে পরবর্তী পরীক্ষা দিতে এলে গুলি করে মেরে ফেলার হুমকি দিয়েছে অভিযুক্ত শ্বাশত্ব বৈদ্য। তিন বছর ধরে অভিযুক্তের সঙ্গে প্রেমের সম্পর্ক ছিল যুবতীর। সম্প্রতি অভিযুক্ত বিয়ের প্রস্তাব

অভিযুক্ত দীর্ঘদিন ধরেই হুমকি দিত ঐ যুবতীকে। এমনকী তাঁকে রাস্তায় উত্তক্ত করত অভিযুক্ত। সোমবার ও কলেজে যাওয়র সময় যুবতীকে ফলো করেছিল সে। যুবতীর মার প্রশ্ন, মেয়ে কলেজে যেতে পারবে না। রাস্তায় বেরোতে পারবে না। আমরা কোথায় যাব। জানা গিয়েছে, দিয়েছিল। আর তা যুবতী ফিরিয়ে দিতেই এমন ঘটনা বলে পুলিশের প্রাথমিক তদন্তে উঠে এসেছে। মূল অভিযুক্ত,শ্বাশত বৈদ্য ও রাকেশ দাসকে জীবনতলা থেকে গ্রেফতার করলো বারুইপুর থানার পুলিশ। ধৃত দুজনকে মঙ্গলবার বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়।

প্রকাশ্য দিবালোকে এক সিভিক ভলেন্টিয়ারকে খুনের চেষ্টা বজবজে

দুরন্ত বার্তা,জয়নগর, ১৮ ফেব্রুয়ারি ঃ প্রকাশ্য দিবালোকে এক সিভিক ভলেন্টিয়ারকে খুনের চেষ্টা বজবজে। গ্রেফতার অভিযুক্ত। বজবজ ট্রাফিকে কর্তব্যরত এক সিভিক ভলান্টিয়ারকে ধারালো অস্ত্রের কোপ। মঙ্গলবার সকালে দঃ ২৪ পরগনার বজবজ থানার চড়িয়াল মোড়ে ঘটনাটি ঘটে। অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ। কিন্তু কী কারণে এই হামলা তা এখন ও স্পষ্ট নয়। এদিন সকালে বজবজ এলাকায় উত্তম চন্দ্র প্রামানিক নামে ৩৬ বছরের এক সিভিক ভলান্টিয়ার ট্রাফিকের দায়িত্ব সামলাচ্ছিলেন রাস্তায়। প্রত্যক্ষদর্শীরা বলেন,সেই সময় এক যুবক একটি ব্যাগ নিয়ে উত্তমের কাছে আসে। হঠাই ব্যাগ থেকে ধারালো অস্ত্র বের করে উত্তমকে এলোপাথাড়ি কোপাতে শুরু করে। ঘটনাস্থলেই লুটিয়ে পড়েন উত্তম। সঙ্গে সঙ্গে এক প্রত্যক্ষদর্শী অটোতে করে তাঁকে প্রথমে বজবজ হাসপাতাল নিয়ে যায়।পরে বজবজ থানার সহযোগিতায় বেসরকারি নার্সিংহোমে ভর্তি করা হয় তাকে। আপাতত সেখানেই আশঙ্কা জনক অবস্থাতে চিকিৎসাধীন রয়েছে ওই সিভিক ভলান্টিয়ার। আহত সিভিক ভলেন্টিয়ারের বাড়ি বজবজের চন্ডিপুর এলাকায়। পুলিশ সূত্রে জানা যায়,ওই আততায়ীর নাম বিনয় কয়াল। খড়িবেড়িয়ার বাসিন্দা। তাকে গ্রেফতার করেছে বজবজ থানার পুলিশ। উদ্ধার হয়েছে ওই ধারালো অস্ত্রটিও। কিন্তু কী কারণে এই আক্রমণ তা খতিয়ে দেখছে পুলিশ। তবে প্রকাশ্য দিবালোকে এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে

মাইক বিভ্রাট বিধানসভায়, তড়িঘড়ি মেরামত

দুরন্ত বার্তা, কলকাতা, ১৮ ফেব্রুয়ারি ঃ মাইক বিভ্রাট বিধানসভায়। মঙ্গলবার বিধানসভায় বাজেট অধিবেশনের পঞ্চম দিনে পাবলিক অ্যাড্রেস সিস্টেম বিগড়ে যায়। যখন পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বক্তব্য রাখতে যান, তাঁর আসনের মাইক কাজ করেনি। পাশের আসনে সরে গিয়ে বক্তব্য রাখতে জানানো হয়। বিভাগীয় কর্মীদের নজরে তা আনা হয়। সবুজ বোতাম চাপলে লাল আলো জ্বলে ওঠে। অধ্যক্ষ বিমান বন্দোপাধ্যায় বলে ওঠেন, কী হচ্ছেটা কি! অধ্যক্ষের বক্তব্য শোনার পরে তড়িঘড়ি ছুটে আসেন ভারপ্রাপ্তরা। এর কিছু সময় পরে তা কাজ শুরু করে। জটিলতা দূর হয়ে।

নাবালিকার বিয়ে বন্ধ করলো পুলিশ মৈপীঠে

দুরন্ত বার্তা,কুলতলি, ১৮ ফেব্রুয়ারি ঃ পুলিশের তৎপরতায় আটকানো গেল এক নাবালিকার বিয়ে। বিয়ে বন্ধ করলো কুলতলির মৈপিঠ উপকূল থানার পুলিশ। গোপন সূত্রে খবর পেয়ে মৈপিঠ উপকূল থানার ওসি শান্তনু বিশ্বাসের নির্দেশে পুলিশের বিশেষ টিম সোমবার রাতে মৈপীঠের নগেনাবাদ এলাকা থেকে এক নাবালিকাকে উদ্ধার করে নিয়ে যায় মৈপিঠ উপকূল থানায়। তাপস মান্না নামে এক যুবক ঐ নাবালিকাকে ফুসলিয়ে নিয়ে পালিয়ে যাবার চেষ্টার মুহূর্তে এমনই খবর পেয়ে সোমবার রাতে ঐ নাবালিকা ও ঐ যুবককে যুবকের বাড়ি থেকে গ্রেফতার করে পুলিশ। মঙ্গলবার ঐ নাবালিকাকে গড়িয়া জে জে বি আদালতে পাঠানো হয়। এবং ধৃত যুবক তাপসকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয় মৈপিঠ উপকূল থানার পক্ষ থেকে।

১৮৯ তম জন্মবর্ষে পরম গুরু শ্রী শ্রী রামকৃষ্ণ দেবের প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করছেন পশ্চিমবঙ্গ বিধানসভার অধ্যক্ষ মাননীয় বিমান বন্দ্যোপাধ্যায় ও অন্যান্য মন্ত্রী বিধায়ক আধিকারিকগন বিধানসভার লবিতে । ছবি সুবল সাহা

উধাও শীত, ২৪ ঘণ্টার মধ্যেই দক্ষিণবঙ্গে বদলাবে আবহাওয়া

দুরন্ত বার্তা, কলকাতা, ১৮ ফেব্রুয়ারি ঃ শীতের আমেজ আর নেই, উল্টে চাছে তাপমাত্রার পারদ। কলকাতা-সহ সমগ্র দক্ষিণবঙ্গেই মঙ্গলবার উর্ধ্বমুখী তাপমাত্রার পারদ, আগামী ২৪ ঘণ্টার মধ্যেই দক্ষিণবঙ্গে আবহাওয়া বদলে যাওয়ার পূর্বাভাস। দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় রয়েছে বৃষ্টির সম্ভাবনা। বৃষ্টি হতে পারে বুধ ও বৃহস্পতিবার। তার আগে মঙ্গলবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা বেড়ে ২৩.৬ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে, যা স্বাভাবিকের থেকে ৪.৯ ডিগ্রি বেশি। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম এবং বাঁকুড়ায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এ ছাড়াও কলকাতা, হাওড়া, হুগলি, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, মুর্শিদাবাদ এবং নদিয়ায় বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টি হতে পারে।

বাজেট পেশ করবেন উপমুখ্যমন্ত্রী দিয়া কুমারী

জয়পুর, ১৮ ফেব্রুয়ারি ঃ রাজস্থানের উপমুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী দিয়া কুমারী বুধবার সেই রাজ্যের বিধানসভায় ২০২৫-২৬ আর্থিক বছরের বাজেট পেশ করবেন। মঙ্গলবার উপমুখ্যমন্ত্রী রাজ্য বাজেট চূড়ান্ত করেন। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত মুখ্য সচিব (অর্থ) অখিল অরোরা, সচিব (বাজেট) দেবাশীষ পৃষ্টি, সচিব (ব্যয়) নবীন জৈন, সচিব (রাজস্ব) কুমারপাল গৌতম, নির্দেশক (বাজেট) ব্রিজেশ কিশোর শর্মা প্রমুখ।

বেসরকারি হাসপাতাল থেকে প্রেসিডেন্সি জেলে ফিরলেন প্রাক্তন মন্ত্রী পার্থ

দুরন্ত বার্তা, কলকাতা, ১৮ ফেব্রুয়ারি ঃ ‘ রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। মঙ্গলবার তিনি ইএম বাইপাসের ধারের বেসরকারি হাসপাতাল থেকে প্রেসিডেন্সি জেলে ফিরলেন। জেলে থাকাকালীন ১৬ জানুয়ারি দুপুরে অত্যন্ত অসুস্থ হয়ে পড়েন প্রাক্তন শিক্ষামন্ত্রী। শুরু হয় শ্বাসকষ্ট। জেলের চিকিৎসকরা প্রথমে তাঁর শারীরিক পরীক্ষা করেন। এরপরই সিদ্ধান্ত নেওয়া হয় এসএসকেএমে পাঠানোর। সেদিনই ভর্তি করানো হয় তাঁকে। এই পরিস্থিতিতে সূত্রের দাবি, ২৩ জানুয়ারি থেকে শারীরিক অবস্থান আরও অবনতি হয়েছে পার্থর। সেই সময় তিনি আদালতে জানান, এসএসকেএম হাসপাতালে যথাযথ চিকিৎসা হচ্ছে না। যে হাসপাতালে যথাযথ চিকিৎসা হবে সেখানে যাতে তাঁকে স্থানান্তরিত করা হোক। আদালত সেই আর্জি মেনে নেয়। ২৮ জানুয়ারি বাইপাসের ধারের একটি হাসপাতালে স্থানান্তরিত করা হয়। সেখানে প্রায় ২০ দিন চিকিৎসা চলে। তারপরই মঙ্গলবার তাঁকে হাসপাতালে থেকে ছাড়া হয়।

ইমামি রিয়েলটি নিউ আলিপুরে ইমামি আমোদ নির্মাণের সূচনা, ভূমি পূজন এবং এক্সপিরিয়েন্স সেন্টার উদ্বোধন দিয়ে করলো

দুরন্ত বার্তা, কলকাতা ১৮ ফেব্রুয়ারী ঃ প্রখ্যাত ইমামি গ্রুপের রিয়েল এস্টেট শাখা, ইমামি রিয়েলটি নিউ আলিপুরের জেমস লং সরণীতে অবস্থিত ইমামি আমোদ প্রকল্পে ভূমি পূজন এবং এক্সপিরিয়েন্স সেন্টারের উদ্বোধন করলো। এই প্রকল্প থেকে প্রায় ₹৮৫০ কোটি রাজস্ব অর্জনের আশা করা হচ্ছে। সাইটে নির্মাণের সূচনা উপলক্ষে ভূমি পূজন অনুষ্ঠান অত্যন্ত শ্রদ্ধার সঙ্গে অনুষ্ঠিত হয়, এবং এতে সম্মানিত অতিথিরা উপস্থিত ছিলেন, যেমন শ্রীমতী কাকোলি বাগ - কাউন্সিলর ১১৯ নম্বর ওয়ার্ড, শ্রী মোহন গোয়েঙ্কা, ভাইস চেয়ারম্যান এন্ড হোলটাইম ডিরেক্টর ইমামি লিমিটেড, ডঃ নিতেশ কুমার, এমডি এবং সিইও ইমামি রিয়েলটি লিমিটেড, ডঃ আদিত্য ভি আগরওয়াল - নন-এক্সিকিউটিভ ডিরেক্টর ইমামি লিমিটেড। এই অনুষ্ঠানটি ইমামি আমোদ প্রকল্পের উন্নযনে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে চিহ্নিত হয়েছে, যা তার বিলাসবহুল সুবিধা এবং শান্তিপূর্ণ পরিবেশের মাধ্যমে বিলাসী জীবনযাত্রার পরিচয় দেয়। ভূমি পূজার পাশাপাশি ইমামি রিয়েলটি ইমামি আমোদে এক্সপেরিয়েন্স সেন্টার ও উদ্বোধন করেছে। এক্সপিরিয়েন্স সেন্টার সম্ভাব্য বাসিন্দাদের বিলাসবহুল জীবনযাত্রা ভবিষ্য এক ঝলক দেখানোর সুযোগ দেয, যেখানে প্রদর্শিত হয়েছে অসাধারণ ৩ বি.এইচ.কে এবং ৪ বি.এইচ.কে অ্যাপার্টমেন্ট, অত্যাধুনিক ক্লাব হাউস, ইনফিনিটি সুইমিং পুল এবং অনন্যা মিউজিকাল ফাউন্টেন। এক্সপেরিয়েন্স সেন্টার প্রকল্পের উদ্ভাবন এবং স্থায়িত্বের প্রতি প্রতিশ্রুতি প্রদর্শন করতে ডিজাইন করা হয়েছে। ডঃ নিতেশ কুমার এমডি এবং সিইও ইমামি রিয়েলটি লিমিটেড, এই প্রকল্প সম্পর্কে তার উত্তেজনা প্রকাশ করে বলেন, আমরা কলকাতায় এমন একটি প্রকল্প নিয়ে আসতে পেরে আনন্দিত যা বিলাসিতা এবং প্রকৃতির সমন্বয় ঘটায়। ভূমি পূজা এবং এক্সপেরিয়েন্স সেন্টার উদ্বোধন শহুরে জীবনে একটি নতুন অধ্যায়ের সূচনা করে। ইমামি আমোদ শুধুমাত্র একটি আবাসিক ঠিকানা নয় এটি একটি জীবনশৈলী। ইমামি আমোদ কলকাতায় বিলাসবহুল জীবনযাত্রাকে নতুনভাবে সংজ্ঞায়িত করতে প্রস্তুত, যেখানে রয়েছে জাঁকজমক এবং প্রশান্তির একটি মিশ্রণ। প্রকল্পটিতে একটি চিত্তাকর্ষক ১ একর আয়তনের ঝিল, যা মুগ্ধকর মিউজিক্যাল ফাউন্টেন সহ, ল্যান্ডস্কেপ গার্ডেন এবং এমন সব সুবিধা প্রদান করে যা বাসিন্দদের জীবনমান উন্নত করবে। ৪ একর এলাকা জুড়ে ইমামি আমোদে চারটি চমকার ডিজাইন করা টাওয়ার রয়েছে, যেখানে রয়েছে প্রশস্ত এয়ার-কন্ডিশন্ড ৩ বি.এইচ.কে এবং ৪ বি.এইচ.কে অ্যাপার্টমেন্টস, সার্ভেন্ট রুমসহ। এই অ্যাপার্টমেন্ট গুলো বাসিন্দাদের তাদের বাড়ির ভিতরে দেয়াল যোগ করে সহজে কাস্টমাইজ করার সুযোগ দেয়। ইমামি আমোদের প্রতিটি কক্ষে একটি প্যানোরামিক বারান্দা রয়েছে যা শান্ত অ্যাকোয়া সেরেনিটি ঝিলের ১৮০ ডিগ্রি দৃশ্য প্রদর্শন করে, যার মধ্যে কলকাতার প্রথম মিউজিক্যাল ফাউন্টেন রয়েছে। এটি শান্তিপূর্ণ, আইকনিক ১ একর ঝিল ব্যক্তিগত কেবানাসহ একটি পুনরুজ্জীবিত পরিবেশ তৈরি করে। ইনফিনিটি সুইমিং পুল অসাধারণ ঝিলের দৃশ্য সহ দৈনন্দি আরামে গৌরব প্রদান করে। এক্সক্লুসিভ রুফটপ সুবিধা গুলোর মধ্যে রয়েছে যোগ ডেক, স্টারগাজিং ডেক এবং স্কেটিং রিঙ্ক, যা বাসিন্দাদের নিউ আলিপুরের স্কাইলাইন দৃশ্য উপভোগ করার সুযোগ দেয়। থিমেটিক গার্ডেন গুলির মধ্যে রয়েছে ফ্রাগ্রান্স গার্ডেন, স্কাল্পচার গার্ডেন এবং টপিয়ারি গার্ডেন, যা সৌন্দর্য এবং শান্তিপূর্ণ স্থান প্রদান করে। খেলাধুলা এবং ফিটনেস সুবিধার মধ্যে রয়েছে ক্রিকেট নেট, পিকল বল এবং বাস্কেটবল কোর্ট, এবং অত্যাধুনিক জিম, যা সমস্ত বয়সের উৎসাহী ব্যক্তিদের জন্য উপযুক্ত। এন্টারটেইনমেন্ট এবং ওয়েলনেস সবসময় নাগালের মধ্যে রয়েছে, যেমন অ্যাম্পিথিয়েটার, প্রিমিয়াম ক্লাব বার লাউঞ্জ সহ, এবং একটি স্পা ও ওয়েলনেস সেন্টার। ইমামি আমোদ বিলাসিতা সঙ্গে সাসটেইনেবিলিটি একত্রিত করেছে, যেখানে পরিবেশবান্ধব বৈশিষ্ট্য যেমন ইভি চার্জিং পয়েন্ট এবং ভিআরভি এয়ার কন্ডিশনিং সিস্টেম রয়েছে। ১০-স্তরের সিকিউরিটি সিস্টেম একটি নিরাপদ, শান্তিপূর্ণ জীবনযাত্রা নিশ্চিত করে, যেখানে বাসিন্দাদের জন্য একটি নির্ভরযোগ্য পরিবেশ তৈরি হয, এবং ভাস্তু-অনুকূল অ্যাপার্টমেন্ট গুলি সুষম শক্তির প্রবাহ নিশ্চিত করে। যারা শৈলী, আরাম এবং পরিশীলিত দ্বারা সংজ্ঞায়িত একটি পরিশীলিত জীবনযাত্রা খুঁজছেন, তাদের জন্য, নিউ আলিপুরের ইমামি আমোদ শহরের সবচেয়ে প্রতিশ্রুতিবদ্ধ আসন্ন বিলাসবহুল প্রকল্পগুলোর মধ্যে একটিতে বাস করার একটি বিরল সুযোগ দেয়।

সুন্দরবনে নদী বন্ধন প্রকল্প চালু হলে এলাকার উন্নয়ন ও কর্মসংস্থান বাড়বে

দুরন্ত বার্তা,জয়নগর, ১৮ ফেব্রুয়ারি ঃ রাজ্য বাজেটে নদী বাঁধ সংস্কারের জন্য নদীবন্ধন প্রকল্পের কথা ঘোষণা করা হয়। আর এই প্রকল্পে কাজ পাবার আশায় সুন্দরবনের মানুষ। সুন্দরবনের বিস্তীর্ণ এলাকার নদীবাঁধ সংস্কারের প্রযোজন হয. প্রতিবছর। আগেএই কাজ হত ১০০ দিনের কাজের টাকায়। কিন্তু এই প্রকল্পের টাকা দীর্ঘদিন বন্ধ থাকায় কাজ পায়নি অনেকেই। ফলে অনেকেই বাধ্য হয়ে এলাকা ছেড়ে পরিযায়ী শ্রমিক হিসাবে ভিন রাজ্যে কাজে চলে গেছে। কিন্তু এই নদী বন্ধনের নাম ঘোষণার পর তাঁরা আবার এলাকায় কাজ পাবার আশায় ফিরে আসবে। ফলে নদীবাঁধের পাশাপাশি এলাকার অর্থনৈতিক লাভ হবে বলে মনে করেন দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ সদস্য উদয় হালদার। ভাঙন রোধের পাশাপাশি বিভিন্ন নদী ও জলাভূমির সংযোগ স্থাপনের মতো বিষয়ের উল্লেখ রয়েছে এবারের বাজেটে। স্থানীয় মানুষ জন বলেন, এত দিন শুধু ভাঙন রোধের প্রতিশ্রুতি পেয়ে এসেছি। এবার সত্যি করে ভাঙন রোধের ব্যবস্থা হচ্ছে জেনে খুশি হলাম।আর জেলা পরিষদ সদস্য উদয় হালদার বলেন, সু ন্দরবন নদী মাতৃক এলাকা।

বিরোধীরা অন্য প্রাজাতির, সিপিআইএমের দিকে অভিযোগের তির সাংসদ বিপ্লবের

আগরতলা, ১৮ ফেব্রুয়ারি ঃ বিরোধী দলের প্রতিনিধিরা অন্য প্রজাতির। মঙ্গলবার পশ্চিম ত্রিপুরা জেলা ভিত্তিক দিশার বৈঠকে কার্যত বিরোধী দল সিপিআইএমের বিধায়কদের এভাবেই তীর্যক ভাষায় আক্রমণ করলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা বর্তমান লোকসভার সাংসদ বিপ্লব কুমার দেব। এদিন আগরতলায় একটি বেসরকারি হোটেলে পশ্চিম জেলার ডেভেলপমেঃট কো-অর্ডিনেশন এন্ড মনিটরিং কমিটির এই পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের বিভিন্ন স্কিমগুলির জেলাভিত্তিক পর্যালোচনার কাজ চলছে। এরই অঙ্গ হিসেবে মঙ্গলবার রাজধানীর একটি হোটেলে পশ্চিম ত্রিপুরা জেলার ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট এন্ড মনিটরিং কমিটির পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। এই কমিটির চেয়ারম্যান হলেন রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা পশ্চিম ত্রিপুরা লোকসভা কেন্দ্রের সাংসদ বিপ্লব কুমার দেব। এদিনের পর্যালোচনা বৈঠকে পৌরোহিত্য করেন তিনি। এই পর্যালোচনা বৈঠকে উপস্থিত ছিলেন বিধায়িকা মিনারানী সরকার সহ পশ্চিম জেলার অধীন বিভিন্ন নির্বাচিত জনপ্রতিনিধিরা। তবে তারা সকলেই শাসক দলের। এই বৈঠক প্রসঙ্গে প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা লোকসভার সাংসদ বিপ্লব কুমার দেব জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরের প্রায় ৪৭-৪৮টি স্কিমের কাজ রাজ্যে চলছে। এই উন্নয়নমূলক কাজগুলি পর্যালোচনা করার জন্য এই বৈঠক ডাকা হয়েছে। বৈঠকে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট প্রকল্পগুলি বাস্তবায়নে সুবিধা এবং অসুবিধাগুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তিনি আরো জানান, সংশ্লিষ্ট কেন্দ্রীয় প্রকল্পগুলির কাজ সময়মত সম্পন্ন করার বিষয় নিয়েও আলোচনা হয়েছে। এই বৈঠকে পশ্চিম ত্রিপুরা জেলার অধীন নির্বাচিত জনপ্রতিনিধিরা উপস্থিত থাকলেও তারা ছিলেন সকলেই শাসক দলের। বিরোধী দলের কোন জনপ্রতিনিধিকে এই বৈঠকে দেখা যায়নি। সংশ্লিষ্ট বিষয়ে প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা লোকসভার সাংসদ বিপ্লব কুমার দেব নাম না করে মূলত সিপিআইম দলের বিরুদ্ধে অভিযোগ উত্থাপন করে ক্ষোভের সুরে জানান, তারা অন্য প্রজাতির। সারাদেশেই তারা বিলুপ্ত হয়ে গেছে। রাজ্যে কংগ্রেসের দৌলতে কয়েকটি আসন পেয়েছে। তিনি আরো বলেন, আগামী দিনে তাও থাকবে না। নেতাদের অসংবিধানিক ব্যবহারের জন্য এই দশা হবে বলে অভিমত ব্যক্ত করেন তিনি।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

৩০ বর্ষ, দৈনিক ৮০ সংখ্যা, বুধবার, ৬ ফাল্গুন, ১৪৩১

নয়া ভারত গড়তে প্রধানমন্ত্রীর পরিকল্পনা

সম্পাদকীয়

নয়া ভারত গড়তে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নতুন করে পরিকল্পনা তৈরি করতে শুরু করে দিয়েছেন। তিনি দেশের আর্থিক কাঠামোকে শক্তিশালী করার পথ ধরে এগিয়ে চলতে শুরু করেছেন। সেই কারণে স্বদেশি শিল্পপতিদের আরও বেশি সুযোগ সুবিধা পাইয়ে দিয়ে দেশিয় শিল্পের প্রসার বৃদ্ধি করতে ইচ্ছা প্রকাশ করেছেন। তিনি শিল্পপতিদের হাত ধরতে শুরু করেছেন তার একটি মাত্র কারণ হচ্ছে সারা বিশ্ব যখন আর্থিক দিক দিয়ে বিপদের মুখে দাঁড়িয়ে গিয়েছে তখন তার মধ্যে থেকে ভারত আর্থিক দিক দিয়ে শক্তিশালী হতে চেষ্টা করছে। ভারত এবারে করোনা টিকা বিক্রি করে যে আর্থিক লাভ করেছে তা বলতে গেলে একেবারে অতুলনীয়। করোনার টিকা বের করে রাশিয়া বা আমেরিকা এত বেশি লাভ করতে পারেনি। আসলে কোভিশিল্ড করোনার টিকা হিসাবে বেশ নাম করে। এর মধ্যে ভারত যেমন আর্থিক লাভ পেয়েছে পাশাপাশি ব্রিটেনও লাভ করেছে। কারণ কোভিশিল্ড করোনার টিকা পেটেন্ট ছিল অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়। যার ফলে লাভের একটি অংশ ইংল্যাণ্ডকে দিতে হয়েছিল। সেই কারণে ভারত ব্রিটেন ব্যবসা বাণিজ্যকে আরও বেশি করে গতিশীল করে দেওয়ার কথা ভাবতে শুরু করেছে। ইতিমধ্যে বিলাতে গিয়ে উপস্থিত হন ভারতের বিদেশ মন্ত্রী জয়শঙ্কর। তিনি বলেছেন ভারতের আসল কারিগর হচ্ছেন ভারতের বর্তমান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি ভারতের আর্থিক অবস্থাকে শক্তিশালী করার কথা ভাবতে শুরু করে দিয়েছেন। এদিকে নরেন্দ্র মোদি প্রধানমন্ত্রী হয়েই নেহরুর পথকে পরিত্যাগ করতে শুরু করে দিয়েছিলেন। জোট নিরপেক্ষ নীতি থেকে সরে আসতে শুরু করে দিয়েছেন নরেন্দ্র মোদি। যদিও ভারতের বিদেশ মন্ত্রক জোট নিরপেক্ষ নীতির ওপরে ভর দিয়ে চলতে শুরু করেছে। কিন্তু প্রধানমন্ত্রী মোদি পরিস্কার করে বলে দিয়েছেন নিরপেক্ষ হয়ে থাকার কোনও মানে হয় না। নিরপেক্ষ থাকলে গেলে যে আর্থিক শক্তি থাকার প্রয়োজন রয়েছে তার করতে সময় লাগবে। ভারতের আর্থিক শক্তির ওপরে অতীতে বেশি জোর দেওয়া হয়নি। ভারত আর বেশ কিছু দিন চলতে থাকলে ভারতের অবস্থা শ্রীলঙ্কার মতো হতো বলে তিনি বিশ্বাস করেন। তিনি এসেই ভর্তুকি বন্ধ করে দিয়েছিলেন। নোট বন্দি করে বেশ কয়েক কেটি টাকা উদ্ধার করেছেন যা কালো টাকা হিসাবে বাজারে পরিচিত ছিল। এরপরে তিনি দ্বিতীয় পদক্ষেপ গ্রহণ করেছিলেন কাশ্মীরের ব্যাপারে। তিনি দেখতে পেয়েছিলেন ভারতের রোজগারের একটি বড় অংশ কাশ্মীরকে রক্ষা করতে ব্যয় হয়ে থাকে। সেই কারণে তিনি কাশ্মীরকে কেন্দ্র শাসিত রাজ্যে পরিণত করলেন। তিনি পরিস্কার করে বলে দিয়েছেন নেহরুর কাশ্মীর নীতিতে তিনি গ্রহণ করছেন না। তিনি তাকে প্রত্যাখান করতে শুরু করেছেন। নেহরুর নীতির ফলে তিব্বতে ভারতে যে অধিকার ছিল তাকে হারাতে হয়েছে। কাশ্মীরে সন্ত্রাসবাদীরা রাজ করতে শুরু করেছিল। তাদের হাতেই কাশ্মীরের শাসন ব্যবস্থা চলে গিয়েছিল। বিচ্ছিন্নতাবাদীরা কাশ্মীর অধিকার করে বসেছিল। নেহরুর উদার নীতি দেশকে বিপদের মুখে ফেলে দিয়েছিল। বিজেপি দলের একজন নেতা পরিষ্কার করে বলে দিয়েছেন যে ভারত ভাগ হয়েছিল কার ওপরে ভিত্তি করে। পাকিস্তান সৃষ্টি হয়েছিল কী কারণে? তা নিয়ে এখন বিশদে আলোচনা করার খুবই প্রয়োজন। ভারত ভাগ করে স্বাধীনতা লাভ করাটা একটা বড় ধরনের বুল সিদ্ধান্ত বলা যেতে পারে। সেই সম.য়ে ভারতের রাজনীতিতে যারা কর্ণধার ছিলেন তাদের সম্মতির ওপরে ভিত্তি করে ভারত ভাগ করে স্বাধীনতা লাভ করে। লর্ড মাউন্টব্যাটেন ভারতকে ভাগ করে পাকিস্তান সৃষ্টি করে স্বাধীনতা দিয়ে গেলেন তা কিন্তু তাঁর একার সিদ্ধান্তে নয়। সেখানে কিন্তু ভারতের নেতাদের সম্মতি ছিল। প্রকৃত স্বাধীনতা সংগ্রামীরা ভারত ভাগ করে স্বধীনতা লাভের কথা চিন্তা করতে পারেনি। তারা চেয়েছিল অখণ্ড ভারতের স্বাধীনতা। তাদের আত্মত্যাগের কথাকে অস্বীকার করে ভারত ভাগ করে স্বাধীনতা গ্রহণ করে। তার ফলে ভারতের আর্থিক শক্তি থেকে শুরু করে প্রাকৃতিক শক্তি কমতে শুরু করেছিল। নেহরু নীতিই ভারত ভাগ করে স্বাধীনতা হয়েছিল কিনা তা কেউ বলতে পারবে না। তবে সেই সময়ে নেহরু ভারত ভাগ করে স্বাধীনতা পাওয়ার ব্যাপারে কোন আপত্তি করেনি বলে সবাই মনে করে থাকে। ব লা হয়ে থাকে নেহরু ভারত ভাগ করে ক্ষমতা পাওয়ার দিকে পা বাড়িয়ে ছিলেন। কিন্তু তাই যদি হয় তাহলে ভারত ভাগ করে পাকিস্তান সৃষ্টি করার পিছন জিন্না সাহেব এগিয়ে গিয়েছিলেন। তিনি সেই সময়ে পাকিস্তান সৃষ্টি করার পক্ষে মত প্রকাশ করতে থাকেন। তাঁকে ভারত ভাগ করে স্বাধীনতা লাভের যে স্বপ্ন দেখতে শুরু করেছিলেন তাকে স্বার্থক রূপ দেওয়াই ছিল তখন সব নেতাদের প্রধান লক্ষ্য। ভারত ভাগকে কেউ আটকে রাখ তে পারেনি। তার একটি মাত্র কারণ হচ্ছে হিন্দু মুসলিমদের মধ্যে কোনও একতাবোধ জাগ্রত ছিল না। তার ফলে ভারত ভাগ করে হয়ে গিয়েছিল ধর্মের ভিত্তিতে বলা যেতে পারে। পাকিস্তান যদি সৃষ্টি হয় ইসলামিকদের নিরাপত্তাকে প্রাধান্য দিয়ে তাহলে ভারত কেন হিন্দুদের নিরাপত্তাকে প্রাধান্য দিতে তৈরি থাকবে না। ভারতকে হিন্দুদের নিরাপত্তা দিতে প্রস্তুত থাকতে হবে। সেই কারণে ভারতের প্রদানমন্ত্রী রাম মন্দির নির্মাণের ওপরে বেশি করে জোর দিয়েছেন যা নেহরু করতে পারেননি বা বলতে সাহস করেনি। তিনি ভরাতকে ধর্ম নিরপেক্ষ রাষ্ট্রে পরিণত করেছেন। আর পাকিস্তান সৃষ্টি হয়েছে ইসলামিক দেশ হিসাবে। ভারত থেকে ইসলাম ধর্মের মানুষদের পাকিস্তানে চলে যাওয়া উচিত ছিল। তা কিন্তু হয়নি। বহু ভারতীয় ইসলাম ধর্মের মানুষ পাকিস্তানে গিয়ে বসবাস করতে চায়নি। তারা তাদের জন্মভূমি ভারত ত্যাগ করে পাকিস্তানে বাস করতে অনীহা প্রকাশ করে। তার ফলে ভারতকে ধর্মনিরপেক্ষ দেশ হিসাবে ঘোষণা করতে হয়। আর আজকে মোদি সেই নীতির পরিবর্তন করতে চেষ্টা করছেন। খুব ধীর গতিতে এগিয়ে চলতে শুরু করেছে। ভারতকে হিন্দু ধর্ম রাষ্ট্র বলে আখ্যায়িত করলে বাধা কোথায় তার পথকে খুঁজে বের করার চেষ্টা করছেন প্রধানমন্ত্রী মোদি। তিনি তো পরিস্কার করে বলে দিয়েছেন পাকিস্তান সৃষ্টি হয়েছে যে দৃষ্টিভঙ্গির ওপরে ভিত্তি করে আজকে ভারত সেই দিকে লক্ষ্য রেখে নতুন করে ভারত গড়ে উঠবে তাতে কারোর তো বাধা দেওয়া উচিত নয়।

সম্পাদকীয়

অনুকূলচন্দ্র ঠাকুরের অমৃত বাণী

দেশমাতার বিরূপ কাজ করোনা। যদি দেশ মাতার বিরূপ কাজ করো তাহলে কিন্তু তুমি নিশ্চিহ্ন হয়ে যাবে। তোমাকে আর খুঁজে পাওয়া যাবে না। একেবারে নিখোঁজ হয়ে যাবে। নিজের সাধ্যমতো দেশ সেবা করো। দেশের মানুষদের ভালোবাসা দেওয়ার চেষ্টা করো। কোনও সময়ে অহং বোধ প্রকাশ করবে না। সাব সব জানি হবে জ্ঞান প্রকাশ করবে না। সবার মধ্যে কিছু দেওয়ার শক্তি থাকে। সেই শক্তিকে গ্রহণ করতে হবে। সবার শক্তি নিয়ে নিজেকে শক্তিশালী করতে হবে। মা দুর্গা সবার কাছ থেকে শক্তি নিয়ে তিনি শক্তিশালী হয়েছিলেন।

স্বামী বিবেকানন্দের কর্মচিন্তা

ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, মায়ের শক্তির ওপরে নির্ভর করে জাগতিক নিয়ম কানুন চলে। বেদ বেদান্ত সব কিছুই ভরসা করে রয়েছে মায়ের শক্তির ওপরে। প্রকৃত মাতৃশক্তির সংজ্ঞাকে বুঝতে হবে। পড়তে হবে। তার থেকে জ্ঞান আহরণ করতে হবে। নিজেকে নিষ্ঠাবানে পরিণত করতে হবে। মনের এবং শরীরের শক্তির প্রভাব বৃদ্ধি করতে হবে। সব বিষয়ে পারদর্শি হতে হবে। পারিবারিক শক্তির বিকাশ ঘটাতে হবে। মাতৃশক্তির পূর্ণ বিকাশ এই সময়ে দেখতে পাওয়া সম্ভব হয়েছে। ঠাকুর বলতেন, সবার শিক্ষা গ্রহণের ব্যবস্থা করতে হবে। পরম সত্যের উপাসক হতে হবে।

স্বল্পায়ু সুকান্ত রচনা করলেন বেঁচে থাকার গান

সুকান্তের কবিতা এক রৈখিক নয়, বরং বিষয় বৈচিত্র্যে ও লৈখিক দক্ষতায় অনন্য অসাধারণ

কৌশিক দাশ

সুকান্ত ভট্টাচার্যের জন্ম ১৯২৬ সালের ১৫ আগস্ট কলকাতার কালীঘাটের মহিম হালদার স্ট্রিটে নানার বাড়িতে এক নিম্ন মধ্যবিত্ত পরিবারে। তার বাবা নিবারণ ভট্টাচার্য ছিলেন একটি লাইব্রেরির স্বত্বাধিকারী, যা একাধারে ছিল বইয়ের ক্ষুদ্র প্রকাশনা ও বিক্রয়কেন্দ্র। আর মা সুনীতি দেবী। তাদের পৈত্রিক বাড়ি ছিল ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমার কোটালীপাড়ার ঊনশিয়া গ্রামে। সুকান্তের নাম সুকান্ত রেখেছিলেন তার জ্যাঠাতো বোন রাণী ভট্টাচার্য। রাণী ভট্টাচার্য ছিলেন অসম্ভব সাহিত্য পড়ুয়া। তৎকালীন সময়ের জনপ্রিয় সাহিত্যিক মণিন্দ্রলাল বসুর সুকান্ত গল্পটি পড়ার সময় সুকান্ত নামটা নিয়েছিলেন রাণী ভট্টাচার্য। শৈশবে সুকান্তের সবচেয়ে আপনজন ছিলেন এই রাণীদি। একদিন আচমকা রাণী ভট্টাচার্যের মৃত্যু হলো, ভীষণ ভেঙে পড়েছিলেন সুকান্ত। সেই শৈশবেই একইসঙ্গে মাকে হারানো। রাণী ভট্টাচার্যের মাধ্যমেই সাহিত্যে হাতেখড়ি সুকান্তের। রাণী ভট্টাচার্য রাতে ঘুমাতে গিয়ে শোনাতেন নানা গল্প, কবিতা, ছড়া। রাণীদির মৃত্যু আর মাকে হারানোই চঞ্চল সুকান্ত ভট্টাচার্যের জীবনে নিঃসঙ্গতা নিয়ে এলো। সুকান্তের প্রাতিষ্ঠানিক শিক্ষার সূচনা হয় কমলা বিদ্যামন্দিরে ভর্তি হওয়ার মধ্য দিয়ে। সেখানে থাকা অবস্থাতেই সাহিত্যের প্রতি মোহ সৃষ্টি হয় সুকান্তের। মাত্র ৮ কিংবা ৯ বছর বয়সেই বিদ্যালয়ের সাময়িকী সঞ্চয় শিরোনামে প্রকাশিত হলো সুকান্তের প্রথম ছোট গল্প। এই গল্পটি ছিল হাস্য রসাত্মক। এরপর তার বিবেকানন্দ জীবনী নামের একটি গদ্য ছাপা হয়েছিল শিখা পত্রিকায়। এই শিখা পত্রিকাই পরবর্তীতে সুকান্তের বহু লেখা ছাপিয়েছিল। মাত্র কুড়ি বছরের জীবনের পরিধি তার। অথচ ছোট্ট এই জীবনে কী দোর্দণ্ড প্রতাপে রাজত্ব করে গেছেন। আমরা কৈশোরের কথা বলি বা তারুণ্যের, প্রথমেই আসে তার নাম। আমরা শক্তির কথা বলি, জাগরণের কথা বলি উঠে আসে মাত্র ২০ বছরের এক কবির কথা। সদ্য কৈশোর পেরিয়ে যৌবনে পা দেওয়া এক তরুণের মাঝে কতোখানি বারুদ থাকতে পারে? অথচ ক্ষুদ্র জীবনে বিপ্লবী আর স্বাধীনতার দাবিতে চির আপোসহীন। দ্বিতীয় বিশ্বযুদ্ধ, তেতাল্লিশের মন্বন্তর, ফ্যাসিবাদী আগ্রাসন, সাম্প্রদায়িক দাঙ্গা, সম্প্রীতি আর তারুণ্যের জয়গান। কী বাদ গেছে তার কলম থেকে? অথচ মাত্র ৬ বছরের লেখালেখির জীবন তার। অনন্তের পথে অসীমের যাত্রী কবি সুকান্ত ভট্টাচার্য।

মাত্র এগারো বছর বয়সে 'রাখাল ছেলে' নামে একটি গীতিনাট্য রচনা করেছিলেন সুকান্ত। যেটি পরে তার 'হরতাল গ্রন্থে সংকলিত হয়। বলে রাখা ভালো, পাঠশালাতে পড়বার কালেই 'ধ্রুব' নাটিকার নাম ভূমিকাতে অভিনয় করেছিলেন সুকান্ত। কমলা বিদ্যামন্দিরে পঞ্চম শ্রেণি পাশ করার পরে সুকান্তকে ভর্তি করানো হলো বেলেঘাটা উচ্চ বিদ্যালয়ে। বেলেঘাটা উচ্চ বিদ্যালয়ে পড়া অবস্থাতেই সুকান্তের কবিতা ছাপা হতো বিভিন্ন পত্রিকা, সাহিত্য সাময়িকীতে। বেলেঘাটা স্কুলে থাকা অবস্থাতেই সুকান্তের সঙ্গে পরিচয় হলো অরুণাচল বসুর। অরুণাচল বসু নিজে ছিলেন একজন কবি। সপ্তম শ্রেণিতে পড়া অবস্থায় তারা দুজনে মিলে সম্পাদনা করেছিলেন হাতে লেখা পত্রিকা সপ্তমিকা। এর পরে অবশ্য তারা শতাব্দী নামে আরও একটি মাসিক পত্রিকা সম্পাদনা করেছিলেন। অরুণাচল তার আমৃত্যু বন্ধু ছিলেন।

স্কুলে থাকা অবস্থাতেই এক পর্যায়ে সমাজতন্ত্রের প্রতি ঝুঁকে পড়েন সুকান্ত। আর তার প্রাতিষ্ঠানিক পড়াশোনা চলে যায় গোল্লায়। সমাজতন্ত্রের দিকে ঝুঁকে রুশ বিপ্লব থেকে সমাজতান্ত্রিক নানা সংগ্রামের ঘটনা, বই ডায়েরি পড়তেন তিনি। একই সঙ্গে চলছে তখন তার সাহিত্য পড়া, কবিতা প্রবন্ধ লেখা ছাপা হচ্ছে নানা পত্রিকায়।

১৯৪১ সালে সুকান্ত ভট্টাচার্য কলকাতা রেডিওতে গল্পদাদুর আসরে যোগ দিলেন। সেখানে রবীন্দ্রনাথের কবিতা আবৃত্তি করতেন তিনি। রবীন্দ্রনাথের মৃত্যুর পর সেই আসরেই নিজের লেখা



কবিতা পাঠ করে তাকে শ্রদ্ধা জানিয়েছিলেন সুকান্ত ভট্টাচার্য। গল্পদাদুর আসরের জন্য সুকান্ত ভট্টাচার্যের লেখা গান নির্বাচিত হয়েছিল, আর সেই গানে সুর দিয়েছিলেন পঙ্কজ মল্লিক। আনন্দবাজার পত্রিকার সভ্য ছিলেন সুকান্ত ভট্টাচার্য।

১৯৪৪ সালে পুরোপুরি ভারতীয় কমিউনিস্ট পার্টিতে যোগ দিলে পড়াশোনা এক প্রকার লাটে উঠে সুকান্তের। ফলাফল ১৯৪৫ সালের ম্যাট্রিক পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেননি। এ সময় ছাত্র আন্দোলন ও বামপন্থী রাজনৈতিক কর্মকাণ্ডে যুক্ত হওয়ায় তার আনুষ্ঠানিক শিক্ষার সমাপ্তি ঘটে। দলের একনিষ্ঠ কর্মী হয়ে ওঠেন সুকান্ত। কমিউনিস্ট পার্টির পত্রিকা দৈনিক স্বাধীনতার ' সভা' বিভাগ সম্পাদনা করতেন সুকান্ত ভট্টাচার্য। মিটিং মিছিল, সভা সমাবেশ থেকে সর্বত্রই সুকান্ত হয়ে উঠেন সর্বত্র কর্মী ও সংগঠক। তাকে ছাড়া পার্টির কাজকর্ম ভাবাই যেত না। বিপ্লবী ও স্বাধীনতার আপোসহীন সংগ্রামী কবি সুকান্ত ছিলেন কমিউনিস্ট পার্টির সার্বক্ষণিক কর্মী। কিন্তু পার্টি ও সংগঠনের কাজে অত্যধিক পরিশ্রমের ফলে নিজের শরীরের উপর যে অত্যাচার তিনি করলেন তাতে তার শরীরে প্রথমে ম্যালেরিয়া ও পরে দুরারোগ্য যক্ষ্মায় আক্রান্ত হলেন তিনি। কিন্তু থামলেন না। সুকান্ত যখন রোগাক্রান্ত হয়ে শয্যাশায়ী তখনো অসুস্থতা তাকে মানসিকভাবে দমাতে পারেনি। তার প্রমাণ অসুস্থ অবস্থায় নিজেদের ঘরের সিঁড়ি দেখে শোষক শ্রেণি আর শোষিতের প্রতীক বানিয়ে লিখলেন সিঁড়ি। আর ১৯৪৭ সালের ১৩ মে মাত্র ২১ বছর বয়সে কোলকাতার ১১৯ লাউডট স্ট্রিটের রেড এন্ড কিওর হোমে তো চিরতরে চলেই গেলেন সুকান্ত। সুকান্ত জীবিত থাকাকালীন তার কোনো গ্রন্থ প্রকাশিত হয়নি। কেবল দৈনিক পত্রিকা, সাহিত্য সাময়িকী, সাপ্তাহিক পত্রিকায় ছাপা হয়েছিল তার লেখা। মাত্র একুশ বছরের জীবনের ব্যাপ্তি, আর এর মধ্যে মাত্র ৬-৭ বছর পড়াশোনার পরিধি। মৃত্যুর পর প্রকাশিত হলো তার ৮টি কাব্যগ্রন্থ।

সুকান্ত ভট্টাচার্য তো কেবল কবিই নন, একাধারে তিনি গীতিকার, গল্পকার, প্রাবন্ধিক, সর্বোপরি একজন বহুপ্রজ সাহিত্যিক।

সুকান্ত ভট্টাচার্যের জীবনের পরিধি হয়তো ক্ষুদ্র, কিন্তু তার সাহিত্যের পরিধি ব্যাপক, সৃষ্টিশীল ক্ষমতা কিংবদন্তিতুল্য। সুকান্তের কবিতা এক রৈখিক নয়, বরং বিষয় বৈচিত্র্যে ও লৈখিক দক্ষতায় অনন্য অসাধারণ। সাধারণ সব বস্তুকেও সুকান্ত কবিতার বিষয় করেছেন। বাড়ির রেলিং ভাঙা সিঁড়ি উঠে এসেছে তার কবিতায়। আসেনি কোনটি? ক্ষুধা, দারিদ্র্য থেকে পুঁজিবাদ, এসেছে তারুণ্য, কৈশোর, মার্ক্সবাদ থেকে বিপ্লব, স্বপ্ন। অধিকার অনাচার সমস্তই। সুকান্তকে তুলনা করা যায় ইংরেজ কবি জন কিটসের সঙ্গে। দুজনের জীবনের পরিধিই ত্রিশের কম। সুকান্তের একুশ, কিটসের পঁচিশ। আবার দুজনের শেষটাও যক্ষ্মায় ভুগে। অবশ্য কিটসের মৃত্যুর চার বছর আগে তার গ্রন্থ প্রকাশিত হতে শুরু করেছিল, আর সুকান্তের মৃত্যুর এক বছর পরে। দুজনের মধ্যে সবচেয়ে মিল হলো দারিদ্রতা। তারা নিজেদের জীবন দিয়ে উপলব্ধি করেছেন। তাইতো সুকান্ত হে মহান কবিতায় ক্ষুধা দারিদ্র্য আর বিপ্লবকে একত্রিত করে লিখেছেন,

হে মহাজীবন, আর এ কাব্য নয়
এবার কঠিন, কঠোর গদ্যে আনো,
পদ-লালিত্য-ঝঙ্কার মুছে যাক,
গদ্যের কড়া হাতুড়িকে আজ হানো।
প্রয়োজন নেই, কবিতার স্নিগ্ধতা,
কবিতা তোমায় দিলাম আজকে ছুটি
ক্ষুধার রাজ্যে পৃথিবী-গদ্যময়
পূর্ণিমা-চাঁদ যেন ঝলসানো রুটি।

সুকান্তের কবিতা নিছকই কেবল কবিতা নয়। যাপিত জীবনের সমস্ত উপাদান দেখা মেলে তার কবিতায়। তেমনি পাওয়া যায় অনন্ত সাহস। সুকান্তের কবিতা দুরন্ত, দুর্দম্য। সমস্ত কিছু জয়ের। শির উঁচু করে নেওয়ার। নিজেকে ছাড়িয়ে যাওয়ার। সুকান্তের কবিতায় তারই তো প্রমাণ মেলে। তাইতো আঠারো বছর বয়স কবিতায় লিখেছিলেন সুকান্ত,

আঠারো বছর বয়স কী দু ঃসহ
স্পর্ধায় নেয় মাথা তোলবার ঝুঁকি,
আঠারো বছর বয়সেই অহরহ
বিরাট দু ঃসাহসেরা দেয় যে উঁকি......
আঠারো বছর বয়সের নেই ভয়
পদাঘাতে চায় ভাঙতে পাথর বাধা,
এ বয়সে কেউ মাথা নোয়াবার নয়-
আঠারো বছর বয়স জানে না কাঁদা।
আঠারো বছর বয়স যে দুর্বার
পথে প্রান্তরে ছোটায় বহু তুফান,
দুর্যোগে হাল ঠিক মতো রাখা ভার
ক্ষত-বিক্ষত হয় সহস্র প্রাণ।

সুকান্ত বিশ্বাস করতেন এদেশে বিপ্লব হবেই। তাইতো তার কবিতায় দৃঢ় কণ্ঠে উচ্চারিত হতো গণমানুষের কণ্ঠ, জনমানুষের জয়গান। তারুণ্যের শক্তি দিয়ে উন্নত শিরে মানুষের মর্যাদার জন্য মানুষকে প্রস্তুত হওয়ার আহ্বান সুকান্তের কবিতায় লক্ষণীয়। তাইতো সুকান্তের কবিতা আজও উদ্দীপ্ত করে, যোগায় উদ্দীপনা। মহাসাগরের ন্যায় স্রোতে জাগায় জলোচ্ছ্বাসের আভাস। সুকান্তের জীবনটাই তো বলা যায় এক দোর্দণ্ড জলোচ্ছ্বাস।

তাইতো বুদ্ধদেব বসু তার কালের পুতুল গ্রন্থে সুকান্তকে নিয়ে লিখেছিলেন,

গর্কীর মতো, তার চেহারাই যেন চিরাচরিতের বিরুদ্ধে প্রতিবাদ। কানে একটু কম শোনে, কথা বেশি বলে না, দেখামাত্র প্রেমে পড়ার মতো কিছু নয়, কিন্তু হাসিটি মধুর, ঠোঁট দু'টি সরল। বুদ্ধদেব বসু আরো বলেছেন, যে চিলকে সে ব্যঙ্গ করেছিলো, সে জানতো না সে নিজেই সেই চিল লোভী নয়, দস্যু নয়, গর্বিত নিঃসঙ্গ আকাশচারী, স্খলিত হয়ে পড়লো ফুটপাতের ভীড়ে, আর উড়তে পারলো না, অথবা সময় পেলো না। কবি হবার জন্যই জন্মেছিলো সুকান্ত, কবি হতে পারার আগে তার মৃত্যু হলো। বাংলা সাহিত্যের তারুণ্যের মহাপথিক সুকান্ত ভট্টাচার্যের প্রতি শ্রদ্ধা।

ব্রিটিশ শাসকদের ভারত -বিদ্বেষের প্রতি জোরালো প্রতিবাদ করেছিলেন ডাক্তার রঞ্জিত কুমার পাঁজা

বিলাতের হিথরো বিমানবন্দর। সুপুরুষ মধ্য বয়সী মানুষটি ইমিগ্রেশন কাউন্টারে দাঁড়িয়ে। সাদা চামড়ার ইমিগ্রেশন মহিলা ক্লার্ক ভারতীয় লোকটির পাসপোর্ট উল্টে পাল্টে দেখে জিজ্ঞাসা করলেন - ভারত থেকে আসছেন। এদেশে এসেছেন ফিরে যাবেন তো? প্রশ্ন শুনে মানুষটি মৃদু হেসে উত্তর দিলেন নিশ্চয়। ইমিগ্রেশন ক্লার্ক বলললেন, সবাই তাই বলে বটে। যদি না ফেরে? একটু আশ্চর্য হয়ে মানুষটি বললেন, কী মুশকিল কেন ফিরবো না? সাদা চামড়ার ইমিগ্রেশন অফিসার বললেন জানতে চাইছি আপনি যে এসেছেন থেকে যাবেন না, তার প্রমাণ কী? তোমাদের ইণ্ডিয়ার সঙ্গে তো এদেশের তুলনা হয় না...। অসম্মানবোধ করলেন ভারতীয়ওটি। এটা শুধু তাঁকে অপমানিত করা তা নয়, সমগ্র ভারতবাসীকে অপমানিত করা। ঝলসে উঠলেন তিনি। বললেন, 'ঠিকই বলেছ। একেবারে তুলনা হয় না। আমি এশিয়ার প্রাচীনতম মেডিকেল কলেজের অধ্যাপক, আমার দুটি বাড়ি আছে, দুটিই ইতালিয়ান মার্বেলে মোড়া। আমার দুইখানা গাড়ি। দুইটিই শোফার-ড্রিভন। সারা পৃথিবী থেকে ডাকা হয় আমাকে বক্তৃতা দেওয়ার জন্য। আর হ্যাঁ, চেম্বারে দেখাতে গেলে তোমাকে তিন মাস অপেক্ষা করে থাকতে হবে। এই সমস্ত যদি এখানে দিতে পারো, আমি না হয় এখানেই থেকে যাবো।' সাদা চামড়ার ইমিগ্রেশন মহিলা আর উত্তর দেওয়ার কোনও পথ খুঁজে পাননি। তিনি একেবারে চুপ করে গিয়েছিলেন। বুঝতে পেরেছিলেন ভুল জায়গায় পা দিয়ে ফেলেছেন। কথা আর না বাড়িয়ে দ্রুত মানুষটিকে সব পরীক্ষা করে স্যাটিসফ্যাকশন বলে দেন। এই জীবন রসিক মানুষটি আর কেউ নন, তিনি ভারতের চর্মরোগ বিশেষজ্ঞ ডাক্তার রঞ্জিত কুমার পাঁজা।

১৯৩২ সালে ১ অক্টোবর উত্তর কলকাতার জন্ম গ্রহণ করেন। বাবা চর্মরোগ বিশেষজ্ঞ ধনপতি পাঁজা। মা সান্ত্বনা পাঁজা। জ্যাঠামশাই স্বনাম ধন্য চিকিৎসক এবং বাংলা তথা ভারতবর্ষের চর্মরোগ চিকিৎসার অন্যতম প্রবর্তক ডাক্তার গণপতি পাঁজা। ১১৭ নম্বর বিবেকানন্দ রোডের বাড়িতে যৌথ পরিবারের মধ্যে তাঁর জীবন বেড়ে ওঠা স্কটিশ চার্চ কলেজিয়েট স্কুল থেকে পাশ করে প্রেসিডেন্সি কলেজ হয়ে কলকাতা মেডিকেল কলেজে ভর্তি হওয়া। ১৯৫৪ সালে কলকাতা মেডিকেল কলেজ থেকে এমবিবিএস হলেন। পরবর্তী কালে তাঁর জীবনসঙ্গিনী হিসাবে পেলেন কৃষ্ণা হাজরাকে। কন্যা শর্মিষ্ঠা ও পুত্র অরিন্দ্রিজিৎ। প্যাথলজির ওপরে আগ্রহ বেশি ছিল। স্নাতকোত্তর পর্যায়ে ওই বিষয়ে কলকাতার আইপিজিএমই অ্যাণ্ড আর-এ প্যাথলজি বিভাগের প্রধান বি.এন আয়কতের তত্ত্বাবধানে শুরু করলেন গবেষণা। ১৯৬১ সালে 'কোলাজেন ডিজিজ অফ স্কিন' এর ওপর গবেষণাপত্র রচনা করে পিএইচডি লাভ করেন রঞ্জিত পাঁজা। সেই গবেষণাপত্র আজও বিশ্ব বন্দিত। বস্তুত প্যাথলজির ওপরে তাঁর আজীবন ভালোবাসা ছিল। শুধু চর্মরোগ নয়, অনান্য বিষয়ে তার পরামর্শ গ্রহণ করতেন চিকিৎসক বিশেষজ্ঞরা। ১৯৬১ সালে প্যাথলজির ওপরে পিএইচডি লাভ করা পর তিনি দিক পরিবর্তন করলেন। চর্মরোগ বিশেষজ্ঞ হওয়ার সিদ্ধান্ত গ্রহণ করলেন। ১৯৬২ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ডিপ্লোমা অব ডার্মাটোলজি পাশ করে উচ্চ শিক্ষার জন্য পাড়ি দিলেন ইংল্যাণ্ডে এবং লণ্ডনে বিখ্যাত সেন্ট জনস হাসপাতালে শিক্ষানবীশ হিসাবে যোগদান করলেন। তিন বছর পরে সেখান থেকে এমআরসিপি পরীক্ষায় পাশ করে ১৯৬৫ সালে দেশে ফিরলেন। এর কয়েক বছর আগেই তাঁর পিতার মৃত্যু হয়েছে। বাবার ফেলে যাওয়ার চেম্বার ২৫০ নম্বর চিত্তরঞ্জন এভিনিউতে রোগী দেখা শুরু করলেন ডাক্তার রঞ্জিত পাঁজা। তাঁর রোগ নির্ণয় করার ক্ষমতা এবং মধুর ব্যবহার ও ব্যক্তিত্বের মহিমা সর্বত্র ছড়িয়ে পড়ার ফলে চিকিৎসার পসার বৃদ্ধি পেতে শুরু করলো। কলকাতার রোগীদের দেখতেন সোমবার থেকে শনিবার। রবিবার তিনি সারা দিন গ্রামের রোগীদের দেখতেন। সকাল থেকে রোগী দেখ া চলতো গভীর রাত পর্যন্ত। গ্রামের রোগীদের কোনও অ্যাপয়েমন্ট দিতে হতো না। গ্রামের রোগীদের সঙ্গে কথা বলতেন জানার চেষ্টা করতেন গ্রামের জীবনযাত্রার কথা। গ্রামগঞ্জের মানুষদের তিনি খুবই আপনজন ভাবতেন। তাদের ভালোমন্দ, বন্যা, ধানকাটা, ফসল তোলা, গ্রামের উৎসব এবং রাজনৈতিক পরিস্থিতি জানার আগ্রহ থাকতো রঞ্জিত পাঁজার। এই সব জানার একটি মাত্র তাঁর উদ্দেশ্য ছিল কী করে গ্রামীন চিকিৎসা ব্যবস্থাকে আরও বেশি করে উন্নত করা যেতে পারে। গ্রামের লোকেরা কলকাতা শহরে আসা যাওয়া থাকা খাওয়ার বিশাল খরচ বহন করতো হতো রোগীদের পরিবারকে। তার হাত থেকে কী করে রক্ষা পওয়া সম্ভব তারই পথ তৈরি করার তথা ভাবতেন ডাক্তার রঞ্জিত পাঁজা।

১৯৬৬ সালে যোগদান করলেন তাঁর মাতৃসম প্রতিষ্ঠান কলিকাতা মেডিকেল কলেজের চর্মরোগ বিভাগে। ১৯৭৬ সালে তিনি অধ্যাপক পদে আসীন হন। সেই বছরই এডিনবরা রয়্যাল কলেজ তাঁকে এ প আ ব সি পি সম্মানে ভূষিত করল। এদিকে বর্ধমান মেডিকেল কলেজের বহির্বিভাগের নির্মাণ কাজ শুরু হয়েছে। তাঁর ভাই তখন অজিত বাঁঝা কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী। ভাইয়ের অনুরোধে বর্ধমান মেডিকেল কলেজের চর্মরোগের বহির্বিভাগের জন্য একটি অনবদ্য নকসা তৈরি করলেন। গড়ে উঠল ভারতের শ্রেষ্ঠ চর্মরোগের বহির্বিভাগ বর্ধমান মেডিকেল কলেজে। ১৯৭৭ সালে তাঁরে বদলি করা হল বর্ধমান মেডিকেল কলেজের চর্মরোগের বহির্বিভাগে। বর্ধমান মেডিকেল কলেজের চর্মরোগ বহির্বিভাগে বসা শুরু করে দিতেই ভিড় উপচে পড়তে শুরু করলো। সেখানে তিন বছর কাজ করে আবার তিনি ১৯৮০ বদলি হয়ে এলেন কলকাতা মেডিকেল কলেজে। রসিক ছিলেন ডাক্তার রঞ্জিত পাঁজা। মুখ গম্ভীর ভাব থাকলে মনের মধ্যে একটি রসবোধ সব সময়ে কাজ করতো। সেই রসবোধই রঞ্জিত পাঁজাকে সকলের কাছে প্রিয় করে তুলেছিল। তিনি বর্ধমান কলেজ থেকে বিদায় সর্ম্বধনায় বলেছিলেন, 'ন্যাড়া আবার বেলতলায় চলল'। বেলতলা বলতে তিনি মেডিকেল কলেজের কথাকে উল্লেখ করেছেন। এই বেলতলা থেকেই এক দশক পরে তিন ১৯৯০ সালে অবসর গ্রহণ করলেন। সারা জীবন ধরেই তিনি রামকৃষ্ণ মিশনের সঙ্গে যুক্ত ছিলেন। রামকৃষ্ণ দর্শনে বিশ্বাসী ছিলেন বলেই ১৯৮১ সালে রামকৃষ্ণ মিশনের মহারাজ এবং রাজ্য সরকারের অনুরোধ ১৯৮১ সালে শিক্ষক চিকিৎসক হিসাবে রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠানে যোগদান করলেন। সপ্তাহে দুই দিন তিনি বিনা পারিশ্রমিকে রোগীদের দেখতেন এবং পোস্ট গ্রাজুয়েট ছাত্রদের পড়াতেন। ১৯৭৩ সালে তৈরি হল ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশন অব ডার্মাটোলজিস্ট, ভেনেরওলজিস্ট আণ্ড লেপ্রো লজিস্ট। জন্মলগ্ন থেকেই তিনি এই প্রতিষ্ঠানের সদস্য ছিলেন। ১৯৭৮ সালে এই প্রতিষ্ঠানের কলকাতা সম্মেলনের সময়ে তাঁর অনুরোধে মাদার টেরিজা সভা উদ্বোধন করতে এসেছিলেন। ১৯৮৮সালে এই প্রতিষ্ঠানের জাতীয় সভাপতি হলেন। রাজনীতির সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগ না থাকলেও তিনি রাজনীতির প্রতি আগ্রহী ছিলেন। তাঁর সঙ্গে পরিচয় হয়ে ছিল কংগ্রেস নেতা অতুল্য ঘোষের। অতুল্য ঘোষের সঙ্গে পরিচয় থাকার সময়ে তিনি বিধান শিশু উদ্যানের সঙ্গে জড়িত হয়ে পড়েন। তাঁর বাড়ি থেকে অতুল্য ঘোষের বাড়ি খুব একটা দূর ছিল না। কারবালা ট্যাঙ্ক লেনে ছিল অতুল্য ঘোষের বাড়ি। ফলে টেলিফোনে আবার কখনও কখনও অতুল্য ঘোষের বাড়িতে গিয়ে আড্ডার আসর জমতো। চিকিৎসক হিসাবে অবসর গ্রহণ করেই সিদ্ধান্ত গ্রহণ করলেন তিনি কংগ্রেস দলে যোগদান করবেন। ন্যাশনাল কংগ্রেস দলের যোগদান করলেন। তারপরে তিনি আবার তৃণমূল কংগ্রেসে যোগদান করেছিলেন। এই দলের হয়ে বারাসত অঞ্চল থেকে ১৯৯৮ সালে সাংসদ হিসাবে নির্বাচিত হলেন। ১৯৯৮-২০০৪ সাল পর্যন্ত তিনি সাংসদ হয়ে জনসেবা করে গিয়েছেন। সাংসদ হয়ে পরিশুদ্ধ জল, প্রতিটি গ্রামে শৌচালয় এবং মা ও শিশুর সুস্বাস্থ্যের দিকে বিশেষ নজর রাখতে শুরু করেছিলেন। চিকিৎসক হিসাবে তাঁর খ্যাতি সর্বত্র। সঠিক রোগ নির্ণয় কবার একটি অদ্ভূত ক্ষমতা ছিল। কখন রোগীকে বকাঝকা বা দুর্ব্যবহার করতে দেখা যায়নি। গভীর রসবোধের অধিকারী ছিলেন তিনি। চটজলদি রসবোধ করতে তিনি ছিলেনওস্তাদ। কলকাতা দূরর্দশনে ডাক পড়েছিল স্বাস্থ্য সম্পর্কে বক্তব্য রাখার জন্য। সেখানে গ্রীষ্মকালে ঘামাটি নিয়ে আলোচনা চলছিল। বারবার নাছোড়বান্দা প্রশ্নকর্ত্রী জিজ্ঞাসা করে চলেছিলেন, যার ঘামাটি হয় তাকে কী পরমার্শ দেবেন? বেশ হেসে জবাব দিয়েছিলেন, 'এতে যদি ঘামাচি না সারে, তাহলে আর কি করবেন? সারা গ্রীষ্মকাল দার্জিলিংয়ে গিয়ে বসবাস করতে হবে।' তাঁর একটি প্রিয় ছাত্র এমডি পড়া ছেড়ে গিয়ে সন্ন্যাস গ্রহণ করার সিদ্ধান্ত নিয়েছিলেন। এই খবর শোনা মাত্র তিনি রামকৃষ্ণ মিশনে চলে গিয়েছিলেন। উদ্দেশ্য ছিল এমডি করে ছাত্রটি সন্ন্যাস গ্রহণ করুক। ভরত মহারাজ এবং অন্যান্য সন্ন্যাসীদের অনুরোধকে রাখতে পারলেন না এমডি'র ছাত্রটি। তার ফলে মানসিক দিক দিয়ে খুবই কষ্ট পেয়েছিলেন শিক্ষক-চিকিৎসক রঞ্জিত পাঁজা। ছাত্রদের কাছে তিনি ছিলেন পিতৃসম। ছাত্রদের খুবই কাছের লোক ছিলেন তিনি। ছাত্রদের সঙ্গে ভুরি ভোজেও অংশ গ্রহণ করতেন। শিক্ষিক-চিকিৎসক হিসাবে তাঁর নাম স্বদেশে এবং বিদেশে ছড়িয়ে পড়ে। আইপিজি চণ্ডীগড়, বিদেশে মার্কিন যুক্তরাষ্ট্রের মেয়ো ক্লিনিক এবং ক্লিভল্যাণ্ড বিশ্ববিদ্যালয় এবং জাপানের টোকিও বিশ্ববিদ্যালয়ের তিনি ভিজিটিং প্রফেসর ছিলেন। শিশুদের মা বাবাকে বলতেন, দয়া করে সহজপাঠটা পড়বেন। বাংলা ভাষার প্রতি তাঁর আগ্রহ প্রবল ছিল। তিনি আবার ছবি আকঁতেন। তিনি আবার বহু রোগীর ছবি এঁকে ফেলতেন তাঁদের সঙ্গে গল্প করতে করতে। সংসদে বিশাল রকমে লম্বা বক্তৃতা শুনতে পেলে তিনি না ঘুমিয়ে সাংসদের কার্টুন ছবি আঁকতেন। তিনি সোনিয়া গান্ধি এবং লালু প্রসাদ যাদবের কার্টুন ছবি এঁকেছিলেন। তাতে এরা খুশি হয়েছিলেন আবার বহু মানুষ তাঁর আঁকা কার্টুন দেখে বাক্যালাপ বন্ধ করে দিয়েছিলেন। নিজেকে শুধু চিকিৎসা জগতের মধ্যে আবদ্ধ করে রাখেননি। তিনি সব সময়ে চিকিৎসা জগত ছাড়াও অন্য জগতে প্রবেশ করেছেন। সাহিত্য, রাজনীতি, খেলোয়াড় জগত থেকে শুরু করে ভরত মহাজার, মাদার টেরিজা এবং অতুল্য ঘোষের সঙ্গে মেলামেশা করতেন। অতুল্য ঘোষের লেখা 'কষ্ট কল্পিত' বইটি তিনি পাঠও করেছিলেন। এটিএকটি রাজনৈতিক দলিল হিসাবে গ্রহণ করা যেতে পারে। মেডিকেল কলেজের প্রাক্তনী সংগঠনের সঙ্গে তিনি যুক্ত ছিলেন। গান গাইতেও পারতেন। গান চর্চাকে কেবল মাত্র ঘরেই আবদ্ধ করে রেখেছিলেন। প্রকাশ্যে কোনও সভায় তিনি গান গাননি। সাতিহ্য চর্চা করতেন। কবিতা লেখারও বাতিক ছিল। বহু কবিতা লিখেছেন। এবং হাতে সময় থাকলে ছবি এঁকে চলেছেন। তাঁর হাতে আঁক ছবিগুলির যদি একটি অ্যালবাম তৈরি করা হতো তাহলে চিত্র শিল্পীদের কাছে তা অমূল্য হিসাবে পরিগণিত হতো। বহু গুনের অধিকারী ছিলেন তিনি। সোজা কথা বলতে কোনও রকম কুণ্ঠাবোধ করতেন না। তাঁর চেম্বারে একজন চুলকানির রোগী এসে উপস্থিত হয়েছেন। কিছুতেই ডাক্তারবাবুকে ছাড়ছেন না। বারবার চুলকানি নিয়ে নাস্তানাবুদ করে ছাড়ছেন রঞ্জিত পাঁজাকে। তিনি সব শেষে বলতে বাধ্য হলেন আপনি অপেক্ষা করুন। আমার সব রোগী দেখা হোক। তারপরে আপনার সারা গা আমি নিজের হাতে চুলকে দেবো। চিকিৎসা নিয়ে কোনও কোন সময়ে রসবোধ করে বুঝিয়ে দিয়েছেন কী করে এই রোগের হাত থেকে রক্ষা পাওযা যেতে পারে। সংসদে থাকার সময়ে তিনি সবার কাছে প্রিয় ছিলেন। সংসদের বাইরে তাঁকে ঘিরে একটি নিছক আড্ডা জমতো। সেখানে সরকারি পক্ষ এবং বিরোধী পক্ষের সাংসদেরা উপস্থিত থাকতেন। নির্ভেজাল গল্পের আসর বসতো। খাবার থেকে থেকে গভীর রাত পর্যন্ত সেই আড্ডা ক্রমশ জমতে শুরু করতো। বাধ্য হয়ে বহু সময়ে নিরাপত্তা রক্ষীরা বলতেন এবার আড্ডা থামিয়ে বিশ্রাম গ্রহণ করুন। এই রকম আড্ডা চলতে শুরু করলে নিরাপত্তা রক্ষীদের রাতের ঘুম প্রায় চটকে যেত। ২০০৬ সালে ৫ এপ্রিল সুচিকিৎসক, রসিক মানুষটি চির বিদায় গ্রহণ করলেন।

মোবাইল টাওয়ারের ব্যাটারি চুরি, গ্রেপ্তার ৩, অধরা দলের পান্ডা

দুরন্ত বার্তা, হুগলি, ১৮ ফেব্রুয়ারি ঃ মোবাইল টাওয়ারের দামি ব্যাটারি চুরির ঘটনায় তারকেশ্বর থেকে গ্রেপ্তার তিন, অধরা দলের পান্ডো। সোমবার রাতে তারকেশ্বরের ১৪ নম্বর ওয়ার্ডের ধ্বনিকল এলাকা দুজন কে গ্রেপ্তার করে গুড়াপ থানার পুলিশ। এর বাইরে তারকেশ্বর থেকে মোট তিন জন কে গ্রেপ্তার করে পুলিশ। অন্যদিকে পাণ্ডুয়া থেকে ১ জন ও ঝাড়গ্রাম থেকে আরো ১ জন কে গ্রেপ্তার করে পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে, হুগলির বিভিন্ন এলাকায় মোবাইলের টাওয়ারের দামি ব্যাটারি চুরির ঘটনা ঘটছিলো দিনের পর দিন। গত ৭ ফেব্রুয়ারি গুড়াপ থানায় দুটি মোবাইল টাওয়ারের ব্যাটারি চুরির অভিযোগে দায়ের হয়। এরপরই পুলিশ তদন্তে নেমে গত ৯ ফেব্রুয়ারি তারকেশ্বর থেকে এক জনকে গ্রেপ্তার করে গুড়াপ থানার পুলিশ। আদালতে তোলার পর পুলিশি হেফাজতে নিয়ে ধৃত কে জিজ্ঞাসাবাদ চালাতেই বেরিয়ে আসে বড়সড় গ্যাং এর তথ্য। এরপর সোমবার রাতে একযোগে তারকেশ্বর, পাণ্ডুয়া ও ঝাড়গ্রাম হানা দিয়ে আরো চার জন কে গ্রেপ্তার করে গুড়াপ থানার পুলিশ পাশাপাশি তাদের কাছ থেকে উদ্ধার হয় বেশ কিছু ব্যাটারি ও ইনভার্টার তৈরির সরঞ্জাম। ধৃতদের পুলিশি হেফাজত চেয়ে মঙ্গলবার চুঁচুড়া আদালতে পাঠায় পুলিশ। পুলিশ আরো জানিয়েছে মূলতঃ মোবাইল টাওয়ারের দামি ব্যাটারি চুরি করার পর ইনভার্টার তৈরি করে বেশি দামে বাজারে বিক্রি করতো দুস্কৃতীরা। মোবাইল টাওয়ারের ব্যাটারি চুরির বড় গ্যাং ছড়িয়ে আছে রাজ্য জুড়ে তাদের পুলিশি জালে ফাঁসাতে তদন্ত চালিয়ে যাচ্ছে পুলিশ।

লোকগানের কর্মশালার উৎসাহী মেয়র গৌতম দেব

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ১৮ ফেব্রুয়ারি ঃ আজ শিলিগুড়িতে লোক গান এর উপরে আর কর্মশালার আয়োজন করা হয়েছিল। মূলত মেয়র গৌতম দেবের উৎসাহ নিয়ে এই কর্মশালার আয়োজন করা হয়। এদিন মেয়র গৌতম দেব জানালেন লোকগান শিল্পের প্রসার ঘটাতে উদ্যোগ নিচ্ছে সরকার, এই গান মূলত গ্রামের দিকে সঙ্গীতশিল্পীরাই করেন। আজকের আধুনিক যুগে যারা লোকগার চালিয়ে যাচ্ছেন , তারা প্রশংসারযোগ্য। প্রচন্ড সমর্থন দরকার তাদের, খুশি যে আমি এই অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারলাম। যারা এই সংগীত পরিবেশন করেন , তারা বহু কষ্টের মধ্যে দিয়ে. এই সংগীতকে পরিচালনা করে থাকেন। আমাদের মুখ্যমন্ত্রী মমতা বংন্দ্যোপাধ্যায়. এই সব শিল্পীদের জন্য বিভিন্ন ধরনের সুযোগ সুবিধার ব্যবস্থা করে দিয়েছেন। তিনি তাদের পাশে ছিলেন, আছেন এবং থাকবেন। লোক গান আমাদের কাছে প্রিয় হয়ে তখনই উঠবে যখন এই গানের সত্যিকারের প্রসারতা ঘটবে। আজকের অনুষ্ঠানে যারা এই গান এবং শিল্পীদের দেখতে এসেছেন , আমি তাদেরও সাধুবাদ জানাই। কারণ তারা যদি এসে এই গান শুনে উৎসাহ না দেন তবে কিভাবে এগিয়ে যাবে এই গান? মেয়র গৌতম দেব আরো জানালেন আমি থাকবো, আমার যতটুকু সাহায্য করার আমি করব।

টোটো কে ভিন্টেজ গাড়িতে রূপান্তর, আটক করলো পুলিশ

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১৮ ফেব্রুয়ারি ঃ জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি শহরে ট্রাফিক পুলিশের নজরে আসতেই আটক করে সোজা ময়নাগুড়ি থানায় নিয়ে আসা হয় এই রূপান্তরিত টোটো কে। জানা যায় ময়নাগুড়ি র এক ব্যক্তি এই গাড়িটা নিয়ে ময়নাগুড়ি শহর দিয়ে যাচ্ছিল সেই সময় চোখে পড়ে ময়নাগুড়ি থানার ট্রাফিক পুলিশের, পরে পুলিশ গাড়িতে থাকা ব্যক্তিকে জিজ্ঞাসা করলে তিনি বলেন এই গাড়িটি একটি টোটোর ভোল পাল্টে হুটখোলা গাড়ি তৈরি করা হয়েছে, পুরনো দিনের বিলাসবহুল একটি গাড়িকে নকল করে। বিয়ে বাড়িতে ভাড়া দেওয়ার উদ্দেশ্যেই এই গাড়ি বানানো হয়েছে বলে জানা যায়। পরে পুলিশ গাড়িটিকে আটক করে ময়নাগুড়ি থানায় নিয়ে আসে। ময়নাগুড়ি থানার পুলিশ এই গাড়িটিকে পুলিশ হেফাজতে নেয়।

নবদ্বীপ ডাম্পিং গ্রাউন্ডে ভয়াবহ আগুন, ঘটনাস্থলে ইঞ্জিন সহ দমকল বাহিনী

দুরন্ত বার্তা, নবদ্বীপ, ১৮ ফেব্রুয়ারি ঃ মঙ্গলবার দুপুরে নবদ্বীপ পুরসভা পরিচালিত ডাম্পিং গ্রাউন্ডে থাকা বর্জ্যতে কে বা কারা আগুন ধরিয়ে দেয়। বিষয়টি জানাজানি হতেই এলাকায় ছড়িয়ে পড়ে তীব্র চাঞ্চল্য। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় নবদ্বীপ পুরসভার স্যানিটারি ইন্সপেক্টর কৃষ্ণেন্দু পাল সহ অন্যান্য পুর কর্মীরা। আগুন লাগার বিষয়টি জানিয়ে খবর পাঠান হয় দমকল বাহিনীকে। খবর পেয়ে ঘটনাস্থলে আসে দমকল বাহিনীর একটি ইঞ্জিন সহ বাহিনীর কর্মীরা। অপরদিকে খবর পেয়ে দুপুর দুটোর পর ডাম্পিং গ্রাউন্ডে পৌঁছে যান স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর বৃন্দাবন মন্ডল। সূত্রের খবর এদিন দুপুরে হঠাৎ ডাম্পিং গ্রাউন্ডের ভিতরে আগুনের শিখা দেখতে পায় এলাকাবাসী। আগুন লাগার বিষয়টি জানিয়ে প্রথমে খবর পাঠান হয় স্থানীয় কাউন্সিলার ও নবদ্বীপ পুরসভায়। খবর পেয়ে দ্রুত পুর আধিকারিক ঘটনাস্থলে পৌঁছালেও মাধ্যমিক পরীক্ষা থাকায় বেলা দুটোর পর ঘটনাস্থলে পৌঁছান পেশায় শিক্ষক তথা স্থানীয় কাউন্সিলর বৃন্দাবন মন্ডল। আগুন লাগার বিষয়ে স্থানীয় কাউন্সিলর জানান, এদিন দুপুরে ডাম্পিং গ্রাউন্ডে আগুন লাগার ঘটনা ঘটলেও দমকল বাহিনী ঘটনাস্থলে তা দ্রুততার সঙ্গে সেই আগুন নিভিয়ে ফেলে। কেন বারবার ডাম্পিং গ্রাউন্ডে আগুন লাগছে? এই প্রশ্নের উত্তরে কাউন্সিলর জানান, বিষয়টা আমাদের নজরে আছে। কিন্তু সিসি ক্যামেরার তার ছেঁড়া থাকায় সমস্যা হচ্ছে। কাউন্সিলরের দাবি, ডাম্পিং গ্রাউন্ড লাগোয়া প্রচুর বসতি রয়েছে। একদা আগুনের ধোঁয়ায় বিগত দিনে বহু মানুষ অসুস্থ হয়ে পড়েছিলেন। তবে এদিন দ্রুততার সঙ্গে আগুন নিয়ন্ত্রণে নিয়ে আসে দমকল বাহিনীর কর্মীরা।

কাশিমনগর হাইস্কুলের ছাত্রছাত্রীদের নিয়ে মূকাভিনয় ও নাটকের কর্মশালা

দুরন্ত বার্তা, বহরমপুর,১৮ ফেব্রুয়ারি ঃ সম্প্রতি বহরমপুরের কালাচারাল অ্যান্ড মাল্টি এডুকেশন লিঙ্ক ইন অ্যাকশন (ক্যামেলিয়া) সংস্থার উদ্যোগে কাশিমনগর হাইস্কুলের ছাত্রছাত্রীদের নিয়ে মূকাভিনয় ও নাটকের কর্মশালা অনুষ্ঠিত হলো। ভারত সরকারের 'সঙ্গীত নাটক অ্যাকাডেমী'র আর্থিক সহযোগিতায় মুর্শিদাবাদ জেলার সুতি থানার অন্তর্গত কাশিমনগর হাইস্কুলের ১৭ জন ছাত্রছাত্রী কর্মশালাতে অংশগ্রহণ করেছে। প্রধান শিক্ষক জুলফিকার আলি মহাশয়ের অত্যন্ত আন্তরিক উৎসাহে বিদ্যালয়ের 'ছাত্র সপ্তাহ পালন' কার্যক্রমে মুকাভিনয় ও নাটক কর্মশালা সুন্দরভাবে সাফল্যমন্ডিত হয়েছে। এই কর্মশালার মূল প্রশিক্ষক তথা 'ক্যামেলিয়া' সংস্থার কর্ণধার এবং মুর্শিদাবাদ জেলার একমাত্র মুকাভিনয় শিল্পী, পশ্চিমবঙ্গ সরকারের স্বর্ণপদক পুরস্কার প্রাপ্ত মুর্শিদাবাদ জেলার বিশিষ্ট সমাজসেবী, নাট্য নির্দেশক সুজিত কুমার দাস-এর ঐকান্তিক প্রচেষ্টায় কাশিমনগর হাইস্কুলের ছাত্রছাত্রীগণ কর্মশালায় মুকাভিনয়, নাটকের প্রশিক্ষণ পেয়ে খুব খুশি হয়েছে। কর্মশালার অন্যান্য সহ প্রশিক্ষক ছিলেন ভূমিকা দাস, ভাগীরথী চৌধুরী, সাগর চৌধুরী ও সাব্বির রহমান। সকাল ৮ থেকে বিকাল ৪ টা পর্যন্ত কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। তারপর 'ক্যামেলিয়া' সংস্থার পরিবেশনায় দুর্দান্ত মুকাভিনয় উপস্থাপনা হয়েছে। সুজিত কুমার দাস অসাধারণ দক্ষতায় দুটি মুকাভিনয় পারফরম্যান্স করেন। সহযোগী শিল্পী ছিলেন ভাগীরথী চৌধুরী। শব্দ ও আলোক নিয়ন্ত্রণে ছিলেন সাগর চৌধুরী ও সাব্বির রহমান। এরপর ভারত সরকারের প্রসারভারতীর অন্তর্গত আকাশবাণী মুর্শিদাবাদ কেন্দ্রের তালিকাভুক্ত সঙ্গীতশিল্পী ভূমিকা দাস সঙ্গীত পরিবেশন করেন। উপস্থিত ছাত্রছাত্রীগণের আনন্দ ছিল লক্ষ্য করার মতো। এছাড়া শিক্ষকমন্ডলী ও অভিভাবকবৃন্দ ভীষণ আপ্লুত হয়েছেন।

শিশু কন্যাকে যৌন হেনস্থার অভিযোগে হোটেল মালিক গ্রেফতার

দুরন্ত বার্তা, মায়াপুর, ১৮ ফেব্রুয়ারি ঃ শিশু কন্যাকে যৌন হেনস্থার অভিযোগে মায়াপুর থেকে হোটেল মালিককে গ্রেফতার করল পুলিশ। পুলিশ সূত্রে জানতে পারা যায়, ধৃত অভিযুক্ত হোটেল মালিকের নাম সাধন মন্ডল। তার বাড়ি মন্দির নগরী মায়াপুর হুলোরঘাট এলাকায়। নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমে অভিযুক্তকে সোমবার রাতে মায়াপুর হুলোরঘাট এলাকা থেকে গ্রেফতার করে নবদ্বীপ থানার পুলিশ। মঙ্গলবার ধৃতের পকশো আইনে মামলা রুজু করে কৃষ্ণনগর বিশেষ আদালতে পেশ করে,তদন্তের স্বার্থে পুলিশি হেফাজতের আবেদন জানায় তদন্তকারী আধিকারিক। পুলিশ ও স্থানীয় সূত্রে জানতে পারা যায়, চলতি বছরের ১৩ জানুয়ারি মায়াপুরে ভ্রমণ করতে এসে একটি বেসরকারি হোটেলে ওঠে নির্যাতিতা শিশুকন্যা সহ তার পরিবার। দুদিন মায়াপুর ইসকন সহ একাধিক মঠ মন্দিরে দর্শন ও ভ্রমণ শেষে বাড়িতে ফিরে যায় শিশুকন্যা সহ তার পরিবার। জানা যায়, বাড়িতে ফিরে যাওয়ার বেশ কিছুদিন পর ওই শিশু কন্যাটি শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়ে। অসুস্থ অবস্থায় পুরো বিষয়টি পরিবারকে জানিয়ে দেয় নির্যাতিতা। সুবিচার পেতে সোমবার দুপুরে নবদ্বীপ থানায় আসে নির্যাতিতার পরিবার। অভিযুক্ত হোটেল মালিক সাধন মন্ডলের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করলে, তদন্তে নেমে অভিযুক্ত হোটেল মালিককে হুলোরঘাট থেকে গ্রেফতার করে পুলিশ।

বাঁকুড়ায় 'ডিজিটাল গ্রেফতারি'র প্রতারণা, ভিন রাজ্য থেকে গ্রেফতার ৪ প্রতারক

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ১৮ ফেব্রুয়ারিঃ 'ডিজিটাল গ্রেফতারি'র নামে প্রতারণা এবার বাঁকুড়াতেও। অভিযোগের ভিত্তিতে তদন্তে নেমে বিষ্ণুপুর থানার পুলিশ গুজরাট ও তেলেঙ্গানা থেকে ৪ জনকে গ্রেফতার করেছে। ধৃতদের মধ্যে ৩ জন গুজরাটের এবং ১ জন তেলেঙ্গানার বাসিন্দা। পুলিশ সূত্রে জানা গেছে, ১৯ জানুয়ারি ২০২৫ তারিখে বিষ্ণুপুর শহরের আবরারমাঠ এলাকার বাসিন্দা শ্যামপদ মণ্ডল বিষ্ণুপুর থানায় অভিযোগ জানান, তিনি 'ডিজিটাল গ্রেফতার'-এর শিকার হয়েছেন। তাঁর অভিযোগ, ১৭ জানুয়ারি ২০২৫ তারিখে এক ব্যক্তি তাঁকে ফোন করে জানান যে, মুম্বই কাস্টমস তাঁর কিছু জিনিসপত্র আটক করেছে এবং ওই জিনিসের সূত্র ধরে তাঁকে অর্থ পাচার সংক্রান্ত মামলায় অভিযুক্ত করা হয়েছে। প্রতারকরা জানায়, তার বিরুদ্ধে ১০ লক্ষ ২১ হাজার টাকার আর্থিক প্রতারণার অভিযোগ উঠেছে এবং তাই তাঁকে 'ডিজিটাল গ্রেফতার'-এর মাধ্যমে অনলাইন হেফাজতে নেওয়া হয়েছে। অভিযোগ পাওয়ার পর বিষ্ণুপুর থানার পুলিশ দ্রুত তদন্ত শুরু করে। অনুসন্ধানের পর ৪ জনকে গ্রেফতার করতে সক্ষম হয় তদন্তকারী দল। ধৃতরা হলো- গৌরাঙ্গ গজ্জর (গান্ধীনগর, গুজরাট) সাহিল প্যাটেল (সাবরকন্থা, গুজরাট) ঠাকুর আনন্দ কুমার (চানসমা, গুজরাট) সৈয়দ ইউসুফ শরীফ ওরফে ইমরান (ভবানীনগর, হায়দরাবাদ, তেলেঙ্গানা)। ধৃতদের ৫ দিনের ট্রানজিট রিমান্ডে এনে বিষ্ণুপুরে জিজ্ঞাসাবাদ করা হয়, যেখানে তারা প্রতারণার কথা স্বীকার করেছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। বিষ্ণুপুর পুলিশ নাগরিকদের সতর্ক করে বলেছে, 'ডিজিটাল গ্রেফতার' নামে কোনও আইনি প্রক্রিয়া নেই। এই ধরনের প্রতারণামূলক ফোন এলে অভিযোগ জানানোর জন্য অনুরোধ জানানো হয়েছে।

অ্যাম্বুলেন্স করে গাঁজা পাচার, গ্রেফতার যুবক

দুরন্ত বার্তা, সামসেরগঞ্জ, ১৮ ফেব্রুয়ারিঃ পুলিশের চোখে ধুলো দিতে অ্যাম্বুলেন্সে পাচার করা হচ্ছিল বিপুল পরিমাণের গাজা। কিন্তু পাচারকারিদের চেষ্টা ব্যর্থ করল পুলিশ। অ্যাম্বুলেন্সে করে গাঁজা পাচার করতে গিয়ে সামসেরগঞ্জ থানার পুলিশের হাতে গ্রেপ্তার হল দুই যুবক। মঙ্গলবার সকালে সামসেরগঞ্জ থানার চকসাপুর মোড় সংলগ্ন এলাকা থেকে গ্রেপ্তার করা হয় তাদের। বাজেয়াপ্ত করা হয়েছে প্রায় দেড় কুইন্টাল গাঁজা। পুলিশ জানিয়েছে, ধৃতদের নাম আদিত্য দাস এবং অনুপ সূত্রধর। আদিত্য দাসের বাড়ি শিলিগুড়ি। অনুপ সূত্রধর আলিপুরদুয়ারের বীরপাড়া এলাকার বাসিন্দা। মঙ্গলবার ফারাক্কার এসডিপিও আমিনুল ইসলাম খাঁন, জঙ্গিপুরের সার্কেল ইন্সপেক্টর স্বরূপ বিশ্বাস, সামসেরগঞ্জের বিডিও সুজিত চন্দ্র লোধ এবং ওসি শিব প্রসাদ ঘোষের উপস্থিতিতে গাজা বাজেয়াপ্ত করা হয়। উত্তরবঙ্গের দিক থেকে দক্ষিণবঙ্গের দিকে গাজা নিয়ে যাওয়ার পথেই গ্রেপ্তার করা হয় তাদের। নতুন কৌশলে অ্যাম্বুলেন্সে করে গাজা পাচারের ঘটনায় এলাকাজুড়ে সোরগোল সৃষ্টি হয়েছে। উত্তরবঙ্গ থেকে দেদার গাজা ঢুকছে দক্ষিম বঙ্গে। রিন কয়েল আগে তেলের ট্যাঙ্কারে গাজা পাচার করতে গিয়ে পুলিশের হাতে ধরা পড়ে দুই পাচারকারি। বাজেয়াপ্ত করা হয়েছিল দু কুইন্টাল গাঁজা। এবার অ্যাম্বুলেন্সে পাচার করতে গয়ে ধৃত আরও দুই। পুলিশের বক্তব্য ধৃতদের আজই মাদক আইনের বিশেষ আদালতে হাজির করা হচ্ছে। পাঁচ দিনের পুলিশ হেফাজতের আবেদন জানানো হচ্ছে।



হুজুর সাহেবের মেলা, নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে এলাকা

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ১৮ ফেব্রুয়ারি ঃ সীমান্ত পাড়ের হুজুর সাহেবের মেলা, নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে এলাকা, থাকছে সিসি ক্যামেরার নজরদারি সহ গ্রিন করিডোরের ব্যাবস্থা, জানালেন এস পি , কোচবিহার। উত্তরবঙ্গের অন্যতম ধর্মীয় অনুষ্ঠান গুলোর মধ্যে একটি জলপাইগুড়ি শহর থেকে মাত্র ২৫ কিলোমিটার দুরে কোচবিহার জেলার হলদিবাড়ি ভারত বাংলাদেশ সীমান্তে অবস্থিত হুজুর সাহেবের মাজারকে ঘিরে বার্ষিক মেলা। মঙ্গলবার থেকেই শুরু হয়েছে পুণ্যার্থীদের আনাগোনা ,ভিড় সামলাতে রেল কর্তৃপক্ষ বাড়তি ট্রেনের ব্যবস্থা করেছে নিউ জলপাইগুড়ি থেকে ভায়া জলপাইগুড়ি হয়ে হলদিবাড়ি পর্যন্ত। অপরদিকে সীমান্ত লাগোয়া এই বার্ষিক মেলাকে ঘিরে কড়া নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে সমগ্র হলদিবাড়ি। এই প্রসঙ্গে কুচবিহার জেলার পুলিশ সুপার ধৃতিমান ভট্টাচার্য বলেন, একজন অতিরিক্ত পুলিশ সুপারের নেতৃত্বে মেলা উপলক্ষে বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সিসি ক্যামেরার নজরদারি সহ বিশেষ পরিস্থিতিতে উদ্ধার কার্য পরিচালনা করার জন্য গ্রিন করিডোরের ব্যাবস্থা রাখা হয়েছে। এদিন পুলিশ সুপার সদলবলে হুজুর সাহেবের মাজার সহ মেলার আয়োজন খতিয়ে দেখেন।

সোনার দোকানে চুরি

দুরন্ত বার্তা, রামপুরহাট, ১৮ ফেব্রুয়ারি ঃ একই এলাকার পর পর দুটি সোনার দোকানে চুরি। দুটি সোনার দোকান থেকে প্রায় ১২ লক্ষাধিক টাকার সোনা ও রুপোর গহনা চুরি করে নিয়ে চম্পট দিল চোরেরা। ঘটনাটি ঘটেছে গতকাল গভীররাতে বীরভূমের মুরারোই থানার বাঁশলৈ বাজারে। মঙ্গলবার সকালে দোকান খুলতে এসে চুরির বিষয়টি জানতে পারেন দোকানের মালিকেরা। দোকানের মালিকেরা জানান, সোমবার রাতে তারা দোকান বন্ধ করে বাড়ি চলে যান। মঙ্গলবার সকালে দোকান খুলতে এসে তারা দেখেন দোকানের সাটারের তালা ভাঙ্গা। ভিতরে শোকেশ লণ্ডভণ্ড হয়ে পড়ে। ভাঙ্গা হয়েছে দোকানে থাকা লোহার সিন্দুক। চুরির বিষয়টি জানতে পেরে তারা পুলিশে খবর দেন। খবর পেয়ে মুরারই থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। চুরির বিষয়টি তদন্ত শুরু করেছে পুলিশ।

প্রতিবন্ধী মহিলাকে ধর্ষণ, ধৃত ১

দুরন্ত বার্তা, পশ্চিম মেদিনীপুর, ১৮ ফেব্রুয়ারি ঃ মানসিক প্রতিবন্ধী এক মহিলার মুখ গামছা দিয়ে বেঁধে তাঁকে ধর্ষণের অভিযোগে উঠল সবং থানা এলাকায়। ওই ঘটনায় ইতিমধ্যে মধ্যবয়স্ক এক জনকে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশ সূত্রের খবর, গত ২৮ জানুয়ারি ' বাড়িতে একা ছিলেন। তিনি মানসিকভাবে খানিক অসুস্থ। ওই সুযোগ নিয়ে ৫৭ বছর বয়সি এক প্রতিবেশী তাঁর বাড়িতে ঢোকেন। মহিলার মুখ গামছা দিয়ে বেঁধে তাঁকে যৌন হেনস্থা করেন বলে অভিযোগ। ' বয়স ৩৩ বছর। অভিযোগ, ধর্ষণের পর ওই মহিলাকে ভয় এবং হুমকি দেন অভিযুক্ত। তার পরেও ঘটনার কথা জানাজানি হয়। তখন সালিশি সভা বসিয়ে সমস্যা সমাধানের একটি চেষ্টা হয়েছিল বলে স্থানীয় সূত্রের খবর। শেষ পর্যন্ত মহিলার পরিবার সবং থানার পুলিশের দ্বারস্থ হয়। সোমবার অভিযোগ দায়েরের পরেই এলাকা ছেড়ে পালিয়ে গিয়েছিলেন অভিযুক্ত। সোমবার রাতে খড়্গপুরের শ্যামচক এলাকা থেকে অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ।

পূর্ব রেলওয়ে

সিনিয়র ডিভিশনাল ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার/(জেনারেল), পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, ৩য় তল, রিমোট কন্ট্রোল বিল্ডিং, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রীট, শিয়ালদহ, কলকাতা-৭০০০১৪ নিম্নলিখিত কাজের জন্য নিম্নরূপ ই-টেন্ডার আহ্বান করছেনঃ **ক্রমিক নং - ১। টেন্ডার নং ঃ ইএলইজি-ওটি-১১৯৪-২০২৪-২৫। কাজের বিবরণ ঃ** সোনারপুর অধিক্ষেত্রাধীনে নামখানা স্টেশনের নামখানা সাইডিং-এ ট্র্যাক মেশিন সাইডিং-এর ব্যবস্থাকরণ। **টেন্ডার মূল্য ঃ** ১৪,৭৬,৫০০ টাকা। **বায়না রাশি ঃ** ২৯,৫০০ টাকা। **টেন্ডার নথির মূল্য ঃ** ০.০০ টাকা। **কাজ শেষের সময়সীমা ঃ** ০৬ মাস। **ক্রমিক নং - ২। টেন্ডার নং ঃ ইএলইজি-ওটি-১১৯৩-২০২৪-২৫। কাজের বিবরণ ঃ** দমদম জংশন থেকে চুঁচুড়া লিঙ্কে অস্থায়ী আলোকিতকরণ ও আনুষঙ্গিক বৈদ্যুতিক পরিকাঠামোর উন্নয়ন। **টেন্ডার মূল্য ঃ** ১৫,৯৭,৪০৪ টাকা। **বায়না রাশি ঃ** ৩২,০০০ টাকা। **টেন্ডার নথির মূল্য ঃ** ০.০০। **কাজ শেষের সময়সীমা ঃ** ০৬ মাস। **ক্রমিক নং - ৩। টেন্ডার নং ঃ ইএলইজি-ওটি-১১৮৯-২০২৪-২৫। কাজের বিবরণ ঃ** শিয়ালদহ ডিভিশনের অধীনে নারকেলডাঙ্গা ও সোনারপুর ইএমইউ কারশেডে বিদ্যমান ইলেকট্রিক প্যানেল, ট্রান্সফর্মারের বৃদ্ধি, রাস্তার আলো লাগানো ও পুরনো আর্থ পিটের পরিবর্তন। **টেন্ডার মূল্য ঃ** ৪৬,৫৫,৫২৫ টাকা। **বায়না রাশি ঃ** ৯৩,১০০ টাকা। **টেন্ডার নথির মূল্য ঃ** ০.০০। **কাজ শেষের সময়সীমা ঃ** ১২ মাস। **টেন্ডার প্রকাশের তারিখ ঃ** ১৪.০২.২০২৫। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ১০.০৩.২০২৫, দুপুর ২টায়। **টেন্ডার বিড খোলার তারিখ ও সময় ঃ** ১০.০৩.২০২৫, দুপুর ২টায়। **টেন্ডার বিডিং শুরুর তারিখ ঃ** ২৪.০২.২০২৫ তারিখ। **www.ireps.gov.in**-তে টেন্ডার নোটিশের বিশদ ও সময়ে সময়ে ইস্যু হওয়া সংশোধনী নথি পাওয়া যাবে। (SDAH-360/2024-25)

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway @easternrailwayheadquarter

Tender Notice

Executive Officer, Suti – I Panchayat Samity invites sealed tender for: 1. NIT No:- 21/15th FC/23-24/PS(2nd Call)., Date: 18.02.2025 under 15 th FC, vide Memo No: 113(38)/Eng./PS., Dated: **18.02.2025,** Total No. of Scheme 02 (Two) nos. Last date of Application : **25.02.2025 upto 6.00 PM.** Details visit the website **https://wbtenders.gov.in** All particulars may be seen in the official notice board of the Undersigned and any one may contact Executive Officer, Suti – I Panchayat Samity.

Sd/-

Enclo: - As Stated. Executive Officer

Suti-I Panchayat Samity

Ahiran : Murshidabad

Panchra Gram Panchayat

Panchra, Purba Bardhaman

Tender Reference/ e-NIT No.:- **471/PGP, Dt. 18/02/2025, (1 No) & 472/PGP, Dt. 18/02/2025, (1 No)** of schemes are hereby invited. Last date for submission of bid is on **27/02/2025 upto 06.00 PM**. For further details visit the website **https://wbtenders.gov.in/**

TENDER NOTICE

NIT No.–:NIT NO:02/NGP/2024-25 dated 12.02.2025

Notice Inviting e-Tender No: **NIT NO:02/NGP/2024-25** of the office of the Pradhan, Nowahatu Gram Panchayat,Murulahar, Dist: Purulia invites tender for the works detailed in the Tender Notice. The bonafide contractors having sufficient credential (Similar type of work) in execution of work value not less than 50% in Single work during 03 (Three) years prior to the date of issue of this tender notice.Last Date of Dropping of Sealed Tender Form On and before **25.02.2025 (up to 1.00 PM)**. Date of opening of Tender On **25.02.2025 at 2.00 PM**.The Scheme list, Estimated cost, Earnest Money, and other details will be available in the office notice board of the undersigned.

Sd/- Pradhan

Nowahatu Gram Panchayat

পূর্ব রেলওয়ে

এনআইটি নং ঃ ৩৩০_২০২৪-২৫, তারিখ ১৭.০২.২০২৫। ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেল, হাওড়া, ডিআরএম বিল্ডিং, হাওড়া রেলওয়ে স্টেশনের কাছে, হাওড়া-৭১১১০১ (**সিনিয়র ডিইএন/১/হাওড়া**-এর অধিক্ষেত্রের জন্য) নিম্নরূপ কাজের জন্য সেচ/সিপিডব্লুডি/এসইবি/এমইএস অথবা অন্য কোনও সরকার অধিগৃহীত সংস্থায় রেজিস্ট্রিকৃত সমেত অনুরূপ ধরনের কাজে অভিজ্ঞতা, প্রয়োজনীয় আর্থিক সঙ্গতি আছে এরূপ টেন্ডারদাতাদের থেকে অনলাইনে নিম্নলিখিত ই-টেন্ডার আহ্বান করছেন। **কাজের বিবরণ ঃ** এডিইএন/ব্যান্ডেলের অধীনে এসএসই/ডব্লু/ব্যান্ডেল শাখায় (৪ বছরের জন্য) আদিসপ্তগ্রাম, তালান্ডু, খন্যান, সিমলাগড়, বৈঁচিগ্রাম, দেবীপুর, বাগিলা, নিমো, রসুলপুর, হুগলী ঘাট ও গরিফায় স্বয়ংক্রিয় ক্লোরিনেশন প্ল্যান্ট সংস্থাপন এবং ব্যান্ডেল (৪টি), মগরা, পান্ডুয়া, বৈঁচি, মেমারী ও উপরে উল্লিখিত স্টেশনগুলিতে সোডিয়াম হাইপোক্লোরাইড দ্রবণের রুটিন ডোজিং। **আনুমানিক ব্যয় ঃ** ৭৪,৯৬,৭৬২.৯৪ টাকা। **বায়না মূল্য ঃ** ১,৪৯,৯০০ টাকা। **টেন্ডার ফর্মের মূল্য ঃ** শূন্য। **কাজ শেষ করার সময়সীমা ঃ** আটচল্লিশ (৪৮) মাস। টেন্ডার আহ্বায়ক বিজ্ঞপ্তিতে উল্লিখিত বন্ধের তারিখে কোন কারণে ছুটি/বন্‌ধ/ধর্মঘট ঘোষিত হলে, অনলাইনে টেন্ডার বন্ধের তারিখের কোনও পরিবর্তন হবে না যেহেতু আইআরইপিএস ওয়েবসাইটে আবেদনে টেন্ডার বন্ধের তারিখ ও সময়ের পরে জমা করা কোনও অফার অনুমোদন করা হবে না। অবশ্য, পরবর্তী কাজের দিনে অনলাইনে টেন্ডার খোলা হবে। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ১০.০৩.২০২৫-এ দুপুর ২টা। টেন্ডারের বিবরণ ওয়েবসাইট **www.ireps.gov.in**-এ পাওয়া যাবে। উক্ত ওয়েবসাইটে অনলাইনে অফার জমা করতে টেন্ডারদাতাদের অনুরোধ করা হচ্ছে। **ইএমডি এবং টিডিসি প্রদান** — বায়নামূল্য জমা (ইএমডি) ও টেন্ডার নথিপত্রের মূল্য (টিডিসি), কেবলমাত্র নেট ব্যাঙ্কিং বা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে গ্রাহ্য হবে। কোনো ম্যানুয়াল অফার গ্রাহ্য হবে না। (HWH-610/2024-25)

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway @easternrailwayheadquarter

Office of the

SINGTI GRAM PANCHAYAT

P.O.:-SINGTI SHIBPUR, PIN-711226, Dist.-Howrah

